ভারতের সর্বাধিক প্রচারিত বাংলা দৈনিক ই পেপার

নিউজ সারাদিন

বাংলার মানুষের সাথে, মানুষের পাশে



৫৪ বছরেও যে কারণে বিয়ে করেননি টাবু

পৃঃ ৫



মেসির গোলের পরও ইন্টার মায়ামির বিদায়

পৃঃ ৬

Digital Media Act No. : DM /34/2021 ● Govt. of India Reg No. : WB18D0018520 (UAN) ● ISBN No. : 978-93-5918-830-0 ● Website : https://epaper.newssaradin.live/ ● বর্ষ ঃ ৪ সংখ্যা ঃ ৩০৭ ● কলকাতা ● ২৯ কার্তিক, ১৪৩১ ● শুক্রবার ● ১৫ নভেম্বর, ২০২৪ পৃষ্ঠা - ৬ ৫ টাকা

# রাজনৈতিক কারণে তাকে ফাঁসানো হয়েছে

## সিআইডি দপ্তর থেকে বেরিয়ে অভিযোগ অর্জুনের



**স্টাফ রির্পোটার, নিউজ সারাদিন :** চার ঘন্টা জেরার পরে বাইরে এলেন বিজেপি নেতা অর্জুন সিং। ভবানী ভবনে সিআইডি আধিকারিকদের জেরার মুখে পড়েছিলেন তিনি। সমবায় ব্যাঙ্কের আর্থিক দুর্নীতিতে তার নাম জড়িয়েছে। সেই ঘটনার তদন্তেই তাকে জিজ্ঞাসাবাদ করা হল প্রথম বার আদালতের নির্দেশে তাকে একটানা চার ঘণ্টার বেশি জেরা করা যাবে না।প্রথম দিন জেরা সামলে বেরোলেন প্রাক্তন সাংসদ অর্জুন সিং। রাজনৈতিক কারণে তাঁর বিরুদ্ধে চক্রান্ত করা হচ্ছে। এই বক্তব্য

**বেবি চক্রবর্তী: কলকাতা**

রেখেছেন অর্জুন সিং।

বৃহস্পতিবার নির্দিষ্ট সময়েই ভবানী ভবনে পৌঁছেছিলেন অর্জুন সিং। কোন মামলায় তাকে ডাকা হচ্ছে? কেন তাকে ডাকা হয়েছে? এই বিষয়ে পরিষ্কার করে তথ্য অর্জুন সিংয়ের কাছে নেই। চার কোটি টাকার দুর্নীতিতে ডাকা হয়েছে তাকে। তিনি কাজের সূত্রে আরও অনেক গুণ টাকা হাতবদল করেন। এই কথা বলেন। যথেষ্ট হতবাক হয়েছেন অর্জুন। এমনই সিআইডি অফিসে ঢোকার আগে বলেছিলেন বিজেপি নেতা। তবে বেরনোর পর তেমন কোনও উত্তেজনা চোখেমুখে ছিল না। কে টেন্ডার পাবেন, সে ক্ষমতা আমার হাতে নেই।কলকাতা হাইকোর্টের শরণাপন্ন হয়েছিলেন অর্জুন সিং। কলকাতা হাইকোর্ট তাকে সিআইডি জেরার মুখোমুখি হতে নির্দেশ দেয়। তবে সেক্ষেত্রে শর্ত রাখা হয়, সিআইডি ডাকার আগে নির্দিষ্ট সময় ঠিক করবে। অর্জুন সিংকে আগে থেকে সেই বিষয়ে জানানো হবে। চার ঘণ্টার বেশি জেরা করা যাবে না।

# কলকাতার আইএসআই- এর অধ্যাপক জিতলেন ইনফোসিস পুরস্কার



**কলকাতা, ১৪ নভেম্বর,২০২৪ : নিউজ সারাদিন :** এবছর ইনফোসিস পুরস্কার জিতে নিলেন ৪০ অনূর্ধ্ব ছয় তরুণ গবেষক। এদের মধ্যে দুজন মহিলা। অর্থনীতি, ইঞ্জিনিয়ারিং, কম্পিউটার বিজ্ঞান, মানব এবং সমাজ বিজ্ঞান, জীবনবিজ্ঞান, গণিত বিজ্ঞান, প্রকৃতি বিজ্ঞান ক্ষেত্র থেকে বেছে নেওয়া হয়েছে জয়ীদের। কলকাতার ইন্ডিয়ান স্ট্যাটিস্টিক্যাল ইনস্টিটিউটের তাত্ত্বিক পরিসংখ্যান এবং গণিত বিভাগের অধ্যাপিকা ডঃ নীনা গুপ্তা পুরস্কার পেলেন জারিস্কি ক্যান্সেলেশন সমস্যার সমাধান করার জন্য। ১৯৪৯-এ প্রথম এই সমস্যার কথা তুলে ধরেছিলেন খ্যাতনামা গণিতবিদ অস্কার জারিস্কি। তারপর থেকেই বহুযুগ ধরে এটি গবেষকদের মাথা ব্যথার কারণ হয়ে দাঁড়িয়েছিল।

এরপর ৩ পাতায়

# পাহাড়ের প্রশাসনকে 'গতিশীল'

## রাখতে চান মুখ্যমন্ত্রী মমতা বন্দ্যোপাধ্যায়



**স্টাফ রির্পোটার, নিউজ সারাদিন :** পাহাড় থেকেই শান্তা ছেত্রীকে রাজ্যসভায় পাঠিয়েছিল বাংলার শাসকদল। কিন্তু তিনিও রাজনীতির মূলস্রোত থেকে কার্যত হারিয়েই গিয়েছেন। এমন নানা পরীক্ষা-নিরীক্ষা করেও পাহাড়ের তিন বিধানসভায় রাজনৈতিক জমি এখনও শক্ত করতে পারেনি তৃণমূল।তবে অনীতের ক্ষমতা যে ভাবে বৃদ্ধি পেল, তাতে পাহাড়ের মাটিতে নতুন করে কোনও 'আধিপত্যবাদী' মানসিকতার বীজ রোপিত হল কি না, সেই আলোচনাও রয়েছে উত্তরবঙ্গের রাজনীতিতে। কারণ, সকলেই মানছেন, রাজ্যের নিরিখে ক্ষমতার বিকেন্দ্রীকরণ হলেও পাহাড়ে রাজনৈতিক এবং প্রশাসনিক ক্ষমতা কেন্দ্রীভূত হল অনীতের হাতেই।কিন্তু পাহাড়ের প্রশাসনকে 'গতিশীল' রাখতে চান মুখ্যমন্ত্রী মমতা বন্দ্যোপাধ্যায়। যে কারণে একদা বিমল গুরুংয়ের আধিপত্য ভাঙতে যে ১৬টি উন্নয়ন বোর্ড তৈরি করেছিল রাজ্য সরকার, মঙ্গলবার সেগুলি ভেঙে দিয়ে নতুন করে গড়ার কথা জানিয়েছেন মুখ্যমন্ত্রী, যার মাথায় থাকবেন বর্তমান জিটিএ প্রধান অনীত থাপা। পাহাড়ের রাজনীতিতে যা অনীতের 'ক্ষমতাবৃদ্ধি'র সূচক হিসাবেই ধরে নেওয়া হচ্ছে।

একটা সময়ে গুরুংয়ের গোর্খা জনমুক্তি মোর্চাতেই ছিলেন অনীত। কিন্তু ক্ষমতার বলে গুরুং যখন পাহাড়ে একচ্ছত্র আধিপত্য কায়েম করেন, তখন তাঁর সঙ্গে সংঘাতে জড়িয়ে পড়েন অনীত এবং বিনয়। পরে অনীত-বিনয় পুরনো দল ছেড়ে বেরিয়ে তৈরি করেন ভারতীয় গোর্খা প্রজাতান্ত্রিক মোর্চা। সেই দল থেকে আবার বিনয় বেরিয়ে যোগ দেন তৃণমূলে। সেই থেকে দলের সর্বেসর্বা অনীতই। তাঁর ক্ষমতা আরও বাড়িয়ে দিলেন মমতা। লেপচা, ভুটিয়া-সহ পাহাড়ের জনজাতি অংশের জন্য আলাদা আলাদা করে ১৬টি উন্নয়ন বোর্ড গড়েছিল রাজ্য সরকার। ওই বোর্ডগুলি স্বাধীন ভাবে তাদের কাজ করত। সেই বাবদে বিভিন্ন দফতর থেকে অর্থ পেত। সেই অর্থ খরচ করত বোর্ডগুলিই। কিন্তু এ বার থেকে তা আর হবে না। মুখ্যমন্ত্রী জানিয়ে দিয়েছেন, ওই বোর্ডগুলির কাজ পরিচালনা করবে একটি তদারকি কমিটি। সেই কমিটিরও মাথায় থাকবেন অনীত। ওই কমিটিগুলি যে অর্থ পাবে বা খরচ করবে, তা তাদের অডিট করাতে হবে। সে দিক থেকে অনীতের হাতে আর্থিক বিষয়ও দেখভালের সুযোগ রইল।

এই ভাঙাগড়ার প্রক্রিয়া নিজেই করেছেন মমতা। প্রশাসনিক সূত্রে খবর, এ ব্যাপারে আর কাউকে তিনি 'নাক গলাতে' দেননি। হতে পারে সে কারণেই উত্তরবঙ্গ উন্নয়নমন্ত্রী উদয়ন গুহ বলেছেন, "ভবিষ্যতের কথা চিন্তা করেই মুখ্যমন্ত্রী যা সিদ্ধান্ত নেওয়ার নিয়েছেন। এ প্রসঙ্গে মন্তব্য করার জায়গায় আমি নেই।" মমতা রাজনৈতিক ভাবেও ঘোষণা করে দিয়েছেন যে, অনীতের দলের পাশে তৃণমূল থাকবে।ক্ষমতায় আসার পরে মমতার সব থেকে বড় চ্যালেঞ্জ ছিল জঙ্গলমহল এবং পাহাড় 'ঠান্ডা' করা। জঙ্গলমহলের ক্ষেত্রে সাফল্য পেলেও পাহাড়ের ক্ষেত্রে নানা ধরনের বিড়ম্বনার মুখোমুখি হতে হয়েছে রাজ্য সরকারকে। গুরুংয়ের মতো নেতার হাতে ক্ষমতা দেওয়ার পর গোড়ায় সব ঠিকঠাক থাকলেও পরে সমস্যা তৈরি

এরপর ৩ পাতায়

মৃত্যুঞ্জয় সরদারের আটটি বইয়ের মধ্যে
কলকাতার কলেজ স্ট্রিটে
চারটি বই পাওয়া যাচ্ছে।
অন্যান্য বইগুলো সব বিক্রি হয়েছে।

কলেজ স্ট্রিটে
পাওয়া যাচ্ছে বইগুলোর নাম

ঈশ্বরী কথা আর
মাতৃ শক্তি
কলেজ স্ট্রিট
কেশব চন্দ্র স্ট্রিটে,
অশোক পাবলিশিং হাউসে

সুন্দরবন ও
সুন্দরবনবাসি
বর্ণপরিচয় বিল্ডিংয়ে
উজ্জ্বল সাহিত্য মন্দিরে

কলেজ স্ট্রিট সারাদিন পাবলিকেশনের পাওয়া যাচ্ছে
আর্তনাদ নামের বইটি।
এই বইটি অনলাইনে বুক করলে পোস্ট অফিসে বাড়ি পৌঁছে যাবে।

যোগাযোগ নম্বর ৯৫৬৪৩৮২০৩১

আবাসিক শিক্ষা প্রতিষ্ঠান (বাংলা মাধ্যম)

সরবেড়িয়া আন্-নূর মিশন

(বালক ও বালিকা পৃথক ক্যাম্পাস)
(পঞ্চম থেকে দ্বাদশ শ্রেণি) বিজ্ঞান ও কলা বিভাগ

E-mail : sarberia.annoor.mission@gmail.com ● Contact : 9732531171

২০২৫ শিক্ষাবর্ষে ভর্তি সংক্রান্ত তথ্য (পঞ্চম থেকে নবম শ্রেণি)

পরীক্ষা কেন্দ্র সরবেড়িয়া আন নূর মিশন
সরবেড়িয়া, এফ.এস.হাট, ন্যাজাট, উঃ ২৪ পরগনা

ফর্ম বিতরণ চলছে (অফলাইনে)

ফর্ম জমা দেওয়ার শেষ তারিখ : ৩রা নভেম্বর ২০২৪
ভর্তি পরীক্ষার তারিখ : ১০ই নভেম্বর ২০২৪ রবিবার দুপুর ১২টা
ফলাফল প্রকাশিত হবে : ১৭ই নভেম্বর ২০২৪ রবিবার দুপুর ২টা

ফলাফল জানা যাবে www.annoormission.org
এই website notice board-এ
সফল ছাত্র-ছাত্রীদের অভিভাবক/অভিভাবকা সাক্ষাৎকার ও
ভর্তি প্রক্রিয়া শুরু হবে ২২শে নভেম্বর থেকে ৩০শে নভেম্বর ২০২৪
ফর্মের মূল্য : ৫০.০০ টাকা







আবাসিক শিক্ষক চাই
বায়োলজি
এমএসসি অনার্স
ও একজন
কম্পিউটার
টিচার লাগবে
সত্বর Resume mail করুন

ফর্ম পাওয়ার জন্য বিস্তারিত জানতে যোগাযোগ করুন ফর্ম বিতরণ কেন্দ্রগুলিতে

❖ সরবেড়িয়া আন নূর মিশন
সরবেড়িয়া, এফ.এস. হাট, ন্যাজাট, উঃ ২৪ পঃ
মোঃ - ৯৫৬৪০১১৯০৬ / ৯৭৩৪৫৪৯৫০৫

❖ নিউ বিশ্বাস জেরক্স
মুরারীসাহা চৌমাথা, ভেবিয়া, উঃ ২৪ পঃ
মোঃ - ৯৬০৯০৮২৪১৬

❖ আদর্শ শিশু নিকেতন
ভাঙনখালি, (কলতলা মোড়) বাসন্তী, দঃ ২৪ পঃ মোঃ - ৮১৪৫২৫০০৮০

❖ সাগরিকা লাইব্রেরী
বিজয়গঞ্জ বাজার, ভাঙ্গর, দঃ ২৪ পঃ মোঃ - ৯৭৩৫২৮০৪০৭

❖ আরফান আলি বিশ্বাস
দেবগ্রাম, কাটোয়া মোড়, নদীয়া মোঃ - ৯১৫৩৯৩২৯০৬

# পুলিশের পক্ষ থেকে শিশু দিবস পালন



**বলাইচাঁদ মুখোপাধ্যায়, হরিপাল, হুগলি**

**স্টাফ রির্পোটার, নিউজ সারাদিন :** ভারতের প্রথম প্রধানমন্ত্রী পন্ডিত জহরলাল নেহেরুর জন্মদিনটিকে প্রতিবছর শিশু দিবস হিসাবে পালন করা হয়। জহরলাল নেহেরু শিশুদের অত্যন্ত ভালবাসতেন শিশুদের উন্নয়নে তিনি অনেক কাজ করে গেছেন। সেই শিশু দিবসকে স্মরণ করে শিশুদের সাহায্যার্থে পুলিশের পক্ষ থেকে এই দিনটিকে যথাযথ মর্যাদার সাথে পালন করা হলো ।এই উপলক্ষে হুগলির ধনিয়াখালি ও হরিপাল থানার পক্ষ থেকে বিভিন্ন কর্মসূচি নেওয়া হয়। ধনিয়াখালি থানার অন্তর্গত শিলারানী প্রাইমারি স্কুল সহ অন্যান্য কয়েকটি স্কুলে এবং হরিপাল থানায় পূর্ব মল্লিকপুর প্রাথমিক বিদ্যালয় ,চৌতারা প্রাইমারি স্কুল এবং সিপাইগাছি প্রাথমিক বিদ্যালয়ের ছাত্রছাত্রীদের মধ্যে পেন পেন্সিল বক্সও চকলেট বিতরণ করা হয় সাথে সাথে শিশু দিবসের তাৎপর্য সম্পর্কেও ছাত্র-ছাত্রীদের অবহিত করা হয়। ওই অনুষ্ঠানে উপস্থিত ছিলেন ধনিয়াখালি থানার ওসি প্রসেনজিৎ ঘোষ এবং হরিপাল থানার ওসি কৌশিক সরকার সহ অন্যান্য বিশিষ্ট ব্যক্তিবর্গ।

# সাহাগঞ্জ বাঁশবেড়িয়া কার্তিক পুজোর গাইড ম্যাপ উদ্বোধন ও সাংবাদিক বৈঠক হলো সাহাগঞ্জ ফাঁড়ির মাঠে



**হুগলী : নিউজ সারাদিন :** সাহাগঞ্জ বাঁশবেড়িয়া কেন্দ্রীয় কার্তিক পূজা কমিটি, চন্দননগর পুলিশ কমিশনারেট সহ হুগলি জেলা গ্রামীণ পুলিশ ও চুঁচুড়া এবং বাঁশবেড়িয়া পৌরসভার যৌথ উদ্যোগে আয়োজিত প্রশাসনিক ও সাংবাদিক বৈঠক বৃহস্পতিবার অনুষ্ঠিত হলো কেওটা সাহাগঞ্জ পুলিশ ফাঁড়ির মাঠে, প্রশাসনিক বৈঠকের পাশাপাশি উদ্বোধন হয়ে গেল কার্তিক পুজোর গাইড ম্যাপ, একই সঙ্গে শিশু দিবস উপলক্ষে এলাকার বহু শিশুর হাতে ছোট উপহার ও একটি করে চিলড্রেন ব্যাচ তুলে দেওয়া হয়। কার্তিক পুজো কমিটিগুলির ভলেন্টিয়ার দের হাতে দেওয়া হয়। সামান্য কিছু উপহার তুলে দেয়া হয় উপস্থিত সাংবাদিকদের হাতেও। কার্তিক পুজোর এই সাংবাদিক বৈঠকে উপস্থিত ছিলেন হুগলি জেলা সদর মহকুমা শাসক স্মিতা সান্যাল শুক্লা,হুগলির গ্রামীণ এডিশনাল এসপি, চন্দননগর পুলিশ কমিশনারেটের এসিপি ডিডি সুমন চ্যাটার্জী, চুঁচুড়া থানার আইসি রামেশ্বর ওঝা, সাহাগঞ্জ ফারির ইনচার্জ জিতু শংকর দমকল বিভাগের আধিকারিক, সহ বিভিন্ন পুলিশ আধিকারিক উপস্থিত ছিলেন। এছাড়াও সম্মানীয় দুই বিধায়ক চুঁচুড়ার বিধায়ক অসিত মজুমদার ও সপ্তগ্রামের বিধায়ক তপন দাশগুপ্ত, কেন্দ্রীয় পুজো কমিটির প্রধান তথা দুই পৌর প্রধান অমিত রায় এবং আদিত্য নিয়োগী, বাঁশবেড়িয়া পৌরসভার উপ পৌর প্রধান শিল্পী চ্যাটার্জি,সহ সকল পুজো কমিটির সদস্য এবং ভলেন্টিয়াররা উপস্থিত ছিলেন। বক্তব্য রাখতে গিয়ে তপন দাশগুপ্ত বলেন এটা শুধু কার্তিক পূজা নয় রাসলীলা ও অনুষ্ঠিত হয়ে আসছে কারণ সব দেব দেবতার পুজো এখানে হয় এই সাহাগঞ্জ বাশবেড়িয়া এলাকায়। উপস্থিত ব্যক্তিদের প্রথমে বরণ করে নেওয়া হয় এরপর একে একে সকলে নিজেদের মূল্যবান বক্তব্য রাখেন।

# IGNOU পালন করলো জন জাতি গৌরব দিবস ২০২৪



**নিজস্ব সংবাদ দাতা : নিউজ সারাদিন :** ১৪ই নভেম্বর '২৪ ইন্দিরা গান্ধী রাষ্ট্রীয় মুক্ত বিশ্ববিদ্যালয়, কলকাতা আঞ্চলিক কেন্দ্র সত্যপ্রিয় রায় শিক্ষক শিক্ষন মহাবিদ্যালয় স্টাডি সেন্টার প্রেক্ষা গৃহে জন জাতি গোষ্ঠীর শিক্ষার্থীদের নিয়ে পালন করলো জন জাতি গৌরব দিবস ।ভারতের শিশু দিবসের সঙ্গে আর একটি নতুন দিবস পালিত হোলো বিরসা মুন্ডার ১৫ ই নভেম্বর এর জন্মদিন কে স্মরণ করে। ১৫ই নভেম্বর গুরু নানক এর জন্মদিন এর ছুটির আগের দিন এই জন জাতি গৌরব দিবস নিষ্ঠার সঙ্গেই পালিত হোলো। অনুষ্ঠানে র প্রথমেই ইগনু র আঞ্চলিক অধিকর্তা ডঃ সুজাতা দত্ত হাজারিকা স্বাগত ভাষণ এ উপস্থিত অতিথি দের মঞ্চে বরণ করে নেন। মঞ্চে অধ্যাপক হিমাংশু বসু ও সত্যপ্রিয় রায় শিক্ষক শিক্ষণ মহাবিদ্যালয়ের বরিষ্ঠ গবেষক অধ্যাপক ও ইগনু র বিশেষ উপদেষ্টা ডঃ কৌশিক চট্টোপাধ্যায় উপস্থিত ছিলেন। জন জাতি গোষ্ঠীর শতাধিক শিক্ষার্থী ছাড়াও উপস্থিত ছিলেন শিক্ষক অনিল বরণ হাঁসদা। পুরুলিয়া, ঝাড়গ্রাম, ঝাড়খন্ড, শিলিগুড়ি, বীরভূম, হুগলী থেকে এসেছিলেন আদিবাসী শিল্পীরা। মাদলের সুমধুর শব্দে বাঁশির সুরে পরিবেশিত হয়েছিলো নাচ, গান, সান্তালি ভাষায় রচিত রবীন্দ্র সংগীতের ভাষান্তর। সত্যপ্রিয় শিক্ষক শিক্ষণ মহাবিদ্যালয়ের শিক্ষার্থী রাও এই অনুষ্ঠানে অংশগ্রহণ করে দিনটির গুরুত্ব বাড়িয়েছেন। উপস্থিত আতিথিরা জন জাতির জন্য ভারতের সংবিধান অনুযায়ী সব রকম সুযোগ সুবিধা প্রাপ্তির প্রশাসনিক সহযোগিতা দ্রুত কার্যকরী করার অনুরোধ জানান। আঞ্চলিক অধিকর্তা পড়াশোনা র ব্যাপারে শিক্ষার্থীদের আর্থিক সহযোগিতা ইতিমধ্যে দেওয়া হয়েছে জানান। জন জাতি গোষ্ঠী সব দিক দিয়ে যাতে স্বনির্ভর হোতে পারে সেদিকে ও নজর দিতে প্রশাসন কে জানাবেন বলেছেন। পেশা মুখি কার্যক্রম এর উপরেও জোর দিয়েছেন। শুধু একটি এই দিবস পালন করে থামলেই হবে না। সারা বছর নানা কাজ কর্মের মধ্যে করে যেতে হবে। আজকের অনুষ্ঠানে ইগনু র পক্ষে আধিকারিক ডঃ অজয় বেহেরা, সহ কর্মী প্রভাষ দত্ত, প্রসেনজিৎ মজুমদার, কৌস্তভ, রাজা দাস, নির্মল দাস প্রমুখ উপস্থিত ছিলেন।

# রেশন দুর্নীতি জ্যোতিপ্রিয় মল্লিকের জামিনের বিরোধিতা ইডির



**বেবি চক্রবর্ত্তী: কলকাতা**

**স্টাফ রির্পোটার, নিউজ সারাদিন :** রেশন দুর্নীতি মামলায় ফের জ্যোতিপ্রিয় মল্লিকের জামিনের বিরোধিতা ইডির। রেশন দুর্নীতি মামলায় গ্রেফতার হওয়া রাজ্যের প্রাক্তন মন্ত্রী জ্যোতিপ্রিয় মল্লিকের জামিনের বিরোধিতা করে এ বিষয়ে তাদের আপত্তি জানিয়ে আদালতে রিপোর্ট পেশ করল ইডি ।বৃহস্পতিবার জ্যোতিপ্রিয় মল্লিকের জামিন সংক্রান্ত মামলার শুনানি ছিল। এই বিশেষ রিপোর্ট আদালতে পেশ করে ইডি। আগামী ২০ নভেম্বর রেশন দুর্নীতি মামলার শুনানি রয়েছে। সূত্রের খবর, শারীরিকভাবে অসুস্থতা প্রাক্তন মন্ত্রী। একটি বেসরকারি হাসপাতালে চিকিৎসাধীন রয়েছেন তিনি। সূত্রের খবর, একাধিক শারীরিক ভুগছেন জ্যোতিপ্রিয় ।পাশপাশি, বালুর হাসপাতালে ভর্তি নিয়েও আদালতে প্রশ্ন তুলেছে ইডি। তদন্তকারী সংস্থা হিসেবে তাদের জানানো উচিত ছিল । কিন্তু তাদেরকে জানানো হয়নি বলে আদালতে অভিযোগ করেছে জামিন মামলার রিপোর্ট দেওয়ার সময়।

# ভারতে 'মেনোপজ' মহিলাদের জন্য একটি উপেক্ষিত স্বাস্থ্য চ্যালেঞ্জ



**স্টাফ রির্পোটার, নিউজ সারাদিন :** দক্ষিণ এশিয়ার দেশ ভারতের মহিলারা মেনোপজের(নারী প্রাকৃতিকভাবে প্রজননের সমাপ্তি) শেষ দিকে পৌঁছানোর সময় যেসব শারীরিক ও মানসিক সমস্যার সম্মুখীন হচ্ছেন, তাতে সহায়তা করার জন্য প্রয়োজনীয় তথ্য এবং স্বাস্থ্যসেবা অত্যন্ত কম ।বিশেষত,পশ্চিমা দেশের তুলনায় ভারতে মহিলারা গড়পড়ত মেনোপজে কয়েক বছর আগে পৌঁছান,অথচ পর্যাপ্ত চিকিৎসা ব্যবস্থা বা সচেতনতার অভাব রয়েছে।

মেনোপজ কী? কোথায়, কখন, এবং কেন এটি গুরুত্বপূর্ণ?

ভারতে গড়পড়তা মেনোপজের বয়স ৪৭ বছর,যার মানে কিছু মহিলার মেনোপজ ৪৪-৪৫ বছরেই হয়ে যায়, আবার কিছু মহিলার ৫০ বছরেও হতে পারে।এটা পশ্চিমা দেশে যেমন মার্কিন যুক্তরাষ্ট্রে গড় মেনোপজের বয়স ৫১ বছর,তার চেয়ে কয়েক বছর আগেই ঘটে।

ভারতের অনেক মহিলার মধ্যে অকাল মেনোপজও বৃদ্ধি পাচ্ছে,বিশেষ করে ৩০-৩৯ বছর বয়সী মহিলাদের মধ্যে।তবে,ভারতের স্বাস্থ্যব্যবস্থায় মেনোপজ বিষয়ক সচেতনতা এবং সহায়তা অত্যন্ত কম।

মেনোপজের উপসর্গ এবং মহিলাদের অভিজ্ঞতা

একজন সরকারি হাসপাতালে পরিচ্ছন্নকর্মী সঙ্গীতা, ৪৩ বছর বয়সে মেনোপজে পৌঁছেছেন এবং শারীরিকভাবে প্রচন্ড ক্লান্তি, হট ফ্লাশ, পিঠে ব্যথা, নিদ্রাহীনতা, এবং পেটের যন্ত্রণা অনুভব করছেন ।এক বছর আগে তিনি জানতেন না যে তার কর্মস্থলে মেনোপজ ক্লিনিক রয়েছে।

অন্যদিকে, মিনি মাথুর, একজন টিভি হোস্ট, ৫০ বছর বয়সে নানা উপসর্গে

এরপর ৩ পাতায়

# জমির রেকর্ড করিয়ে দেওয়ার নাম করে টাকা চাওয়ার অভিযোগ তৃণমূল নেতার বিরুদ্ধে

**দক্ষিণ দিনাজপুর: নিউজ সারাদিন :** জমির রেকর্ড করিয়ে দেওয়ার নাম করে টাকা চাওয়ার অভিযোগ তৃণমূল নেতার বিরুদ্ধে। সেই অডিও ক্লিপ ভাইরাল সোস্যাল মিডিয়ায়। যা নিয়ে জেলাজুড়ে শুরু হয়েছে ব্যাপক শোরগোল। পাশাপাশি , বালুরঘাটের সাংসদ তথা বিজেপির রাজ্য সভাপতি সুকান্ত মজুমদার এই ঘটনায় তৃণমূল নেতাদের কাটমানির অভিযোগ তুলে ওই অডিও ক্লিপ তার এক্স হ্যান্ডেলে প্রকাশ করেছেন। যদিও সেই অডিও ক্লিপের সত্যতা যাচাই করেনি সংবাদ মাধ্যম।

প্রসঙ্গত, দক্ষিণ দিনাজপুর জেলার গঙ্গারামপুর ব্লকের বাসুরিয়া গ্রাম পঞ্চায়েতের অঞ্চল সভাপতি সাহেব সরকারের বিরুদ্ধে জমির রেকর্ড করিয়ে দেবার নামে টাকা চাওয়ার একটি অডিও ক্লিপ সামাজিক মাধ্যমে ভাইরাল। এদিন সুকান্ত মজুমদারের এক্স হ্যান্ডেলে তা প্রকাশ করে সরব হয়েছেন বিজেপি রাজ্য সভাপতি। এনিয়ে তীব্র চাঞ্চল্য তৈরি হয়েছে জেলার রাজনৈতিক মহলে।

বিজেপি জেলা সভাপতি স্বরূপ চৌধুরী জানান, তৃণমূল কংগ্রেস একটি দূর্নীতিগ্রস্ত দল। নেতা কর্মীরা বেশীরভাগ তোলাবাজ। টাকার বিনিময়ে

এরপর ৫ পাতায়

# ভয়াবহ পর্যায়ে পৌঁছালো দিল্লির বায়ুদূষণ, স্থগিত ফ্লাইট



**স্টাফ রির্পোটার, নিউজ সারাদিন :** ভারতের রাজধানী দিল্লির বাতাসের মানের আরও অবনতি হয়েছে। বৃহস্পতিবার (১৪ নভেম্বর) সকাল থেকেই ঘন ধোঁয়াশার চাদরে ঢেকে যেতে শুরু করে দিল্লি ও পার্শ্ববর্তী নয়ডা, গাজিয়াবাদ, গুরুগ্রাম ও ফরিদাবাদ। যার ফলে দৃশ্যমানতা কম থাকায় আজও স্থগিত করা হয়েছে ফ্লাইট চলাচল।

ভারতের সেন্ট্রাল পলিউশন কন্ট্রোল বোর্ডের (সিপিসিবি) তথ্যানুসারে, বৃহস্পতিবার সকাল ৬টায় দিল্লির বাতাসের গুনগত মান্‌এয়ার কোয়ালিটি ইনডেক্স' (একিউআই) এক

এরপর ৩ পাতায়







## মহাত্মা গান্ধীকে নিয়ে 'আপত্তিকর' মন্তব্যে কঙ্গনাকে আইনি নোটিশ



**স্টাফ রির্পোটার, নিউজ সারাদিন :** বলিউড অভিনেত্রী কঙ্গনাকে নিয়ে বিতর্ক যেন কাটছেই না। ভারতীয় রাজনীতি বা বলিউডপাড়ার স্বজনপ্রীতি যা নিয়েই মুখ খোলেন, শুরু হয় বিতর্ক। কৃষক আন্দোলনের কথা তুলনায় টেনেছেন বাংলাদেশ প্রসঙ্গ। তবে কৃষক আন্দোলন ও মহাত্মা গান্ধীকে নিয়ে এমন 'আপত্তিকর' মন্তব্যের অভিযোগে আদালতের আইনি নোটিশ পেয়েছেন তিনি।

ভারতীয় গণমাধ্যম বলছে, উত্তর প্রদেশের আগরার এমপি-এমএলএ আদালত থেকে তাকে নোটিশ পেয়েছেন কঙ্গনা। রমাশঙ্কর শর্মা নামের এক আইনজীবীর অভিযোগ অনুযায়ী, কৃষক আন্দোলন ও মহাত্মা গান্ধীকে নিয়ে আপত্তিকর মন্তব্য করেছেন কঙ্গনা। আর সে কারণে কঙ্গনাকে আদালতের নোটিশ পাঠানো হয়েছে। আগামী ২৮ নভেম্বরের মধ্যে অভিযোগ সম্পর্কে কঙ্গনার জবাব চাওয়া হয়েছে।

২ অক্টোবর গান্ধীজয়ন্তীর দিন কঙ্গনা ইনস্টাগ্রামে একটি স্টোরি পোস্ট করেন। যেখানে তিনি লেখেন, 'দেশের কোনো

এরপর ৪ পাতায়

## চেন্নাইয়ে ডাক্তারকে ছুরিকাঘাত,চিকিৎসকদের নিরাপত্তা নিয়ে উদ্বেগ




**স্টাফ রির্পোটার, নিউজ সারাদিন :** ভারতের দক্ষিণ শহর চেন্নাইয়ে এক ডাক্তারকে ছুরিকাঘাতের শিকার হয়েছে।সারা দেশব্যাপী চিকিৎসকদের নিরাপত্তা নিয়ে নতুন উদ্বেগ সৃষ্টি হয়েছে।এই ঘটনায় বিশেষ উদ্বেগজনক কারণ এর আগেও বহু ডাক্তার কর্মস্থলে আক্রান্ত হয়েছেন। এখন এই ধরনের হামলা থেকে সুরক্ষিত থাকা নিয়ে প্রশ্ন উঠেছে।

বুধবার(১৩ নভেম্বর) ঘটনাটি ঘটে যখন সরকারী হাসপাতালে কর্মরত অঙ্কোলজিস্ট ডক্টর বালাজি জগন্নাথন এক রোগীর চিকিৎসা করছিলেন।রোগী ছিলেন এক নারীর মা যার সম্প্রতি ডিম্বাশয়ের ক্যান্সার ধরা পড়ে।অভিযুক্ত ব্যক্তি ওই নারীর ছেলে ছিলেন,যিনি তার মায়ের চিকিৎসা নিয়ে সন্তুষ্ট ছিলেন না। একদিন আগে, তিনি ডাক্তারের সাথে তর্ক করেছিলেন এবং পরদিন ডক্টর জগন্নাথনের কনসালটেশন রুমে ঢুকে রুমটি বন্ধ করে দেন।তারপর তাকে ছুরিকাঘাত করেন।

ঘটনাটির পরপরই, হাসপাতাল কর্মীরা অভিযুক্ত ব্যক্তিকে আটক করেন এবং পুলিশে সোপর্দ করেন।আহত ডাক্তারকে জরুরি অস্ত্রোপচার করা হয় এবং তার অবস্থা স্থিতিশীল বলে জানানো হয়।ডাক্তারের মাথা, ঘাড়, পিঠ এবং কানের বেশ কিছু স্থানে আঘাতের চিহ্ন রয়েছে।হাসপাতালের পরিচালক, ডক্টর এল পার্থসরথী জানান, "ডক্টরের অবস্থা স্থিতিশীল, এবং তাকে আইসিইউতে চিকিৎসা দেওয়া হচ্ছে।"

এই ঘটনার পর, তামিলনাড়ু রাজ্যে বিভিন্ন ডাক্তার সংগঠন প্রতিবাদে নেমেছে এবং পুরো রাজ্যে চিকিৎসাসেবা বন্ধ করে দেওয়ার হুমকি দিয়েছে। ভারতের বৃহত্তম ডাক্তার সংগঠন ইন্ডিয়ান মেডিকেল অ্যাসোসিয়েশন (আইএমএ) এই হামলার তীব্র নিন্দা করেছে এবং ডাক্তারদের নিরাপত্তা নিশ্চিত করতে হাসপাতালগুলির নিরাপত্তা ব্যবস্থা পুনর্বিবেচনা করার দাবি তুলেছে।

উল্লেখ্য, এমন হামলা শুধুমাত্র চেন্নাই নয়, পুরো ভারতে চিকিৎসকদের জন্য উদ্বেগজনক পরিস্থিতি তৈরি করেছে। দেশব্যাপী একটি সমীক্ষা অনুযায়ী, ৭৫ শতাংশ ডাক্তারই কর্মস্থলে সহিংসতার শিকার হয়েছেন,যার মধ্যে ৬৮.৩৩ শতাংশ হামলার পেছনে রোগীর অভিভাবকদের হাত রয়েছে।এই ঘটনা দেশের আইন-শৃঙ্খলা পরিস্থিতির দুর্বলতারও ইঙ্গিত দেয়। রাজ্যের উপমুখ্যমন্ত্রী উদয়নিধি স্টালিন হাসপাতালে গিয়ে অভিযুক্তের বিরুদ্ধে কঠোর ব্যবস্থা নেওয়ার আশ্বাস দিয়েছেন।

এই ঘটনা ভারতে চিকিৎসকদের জন্য এক নতুন চ্যালেঞ্জ তুলে ধরেছে,যেখানে তাদের নিরাপত্তা ও সুরক্ষা নিয়ে আবারও প্রশ্ন উঠেছে।

১ পাতার পর

## কলকাতার আইএসআই- এর অধ্যাপক জিতলেন ইনফোসিস পুরস্কার

২০১৪-য় অধ্যাপক গুপ্তা দেখিয়েছিলেন আসানুমার ত্রিমাত্রিক, সমান্তরাল ধরনটি জারিস্কির মূল প্রশ্নের একটি প্রতি উদাহরণ দিতে পারে, যা বীজগাণিতিক জ্যামিতিতে একটি উল্লেখযোগ্য কাজ বলে স্বীকৃত হয়েছিল। ইনফোসিস সায়েন্স ফাউন্ডেশন (আইএসএফ) ২০০৯ সালে এই পুরস্কার চালু করে। প্রতিটি বিভাগে পুরস্কার হিসেবে দেওয়া হয় একটি স্বর্ণ পদক, একটি প্রশস্তি পত্র এবং এক লক্ষ মার্কিন ডলার।

## উত্তর-পূর্ব বাণিজ্য ও বিনিয়োগ রোড-শো'তে অংশগ্রহণ ডঃ সুকান্ত মজুমদারের

**হায়দরাবাদ, তেলেঙ্গনা, ১৩ নভেম্বর, ২০২৪: নিউজ সারাদিন :** উত্তর-পূর্বাঞ্চল উন্নয়ন মন্ত্রক আজ হায়দরাবাদে উত্তর-পূর্ব বাণিজ্য ও বিনিয়োগ রোড শো-এর আয়োজন করেছিল। আগের বারের রোড শো-এ উল্লেখযোগ্য সাড়া পাবার পর এবারও উত্তর-পূর্বের রাজ্যগুলিতে বিনিয়োগের ক্ষেত্রে অনেক লগ্নিকারী আগ্রহ প্রকাশ করেছেন। অনুষ্ঠানে উপস্থিত ছিলেন কেন্দ্রীয় উত্তর-পুর্বাঞ্চল উন্নয়ন ও শিক্ষা প্রতিমন্ত্রী ডঃ সুকান্ত মজুমদার, মিজোরামের রাজ্যপাল ডঃ হরিবাবু কামভামপতি, শিল্প ও অভ্যন্তরীণ বাণিজ্য মন্ত্রকের পদস্থ আধিকারিক এবং উত্তর-পূর্বাঞ্চলের বিভিন্ন রাজ্যের প্রতিনিধিরা। তাঁর ভাষণে ডঃ মজুমদার স্বাধীনতার আগে উত্তর-পূর্বের শিল্প ও আর্থিক সমৃদ্ধির কথা উল্লেখ করেন। বিশ্বের প্রাচীনতম তৈলকূপ হিসেবে ডিগবয় অয়েল ফিল্ডের কথা উল্লেখ করে তিনি আসামের গুরুত্বের কথা তুলে ধরেন এবং চায়ের সঙ্গেও আসামের যোগসূত্রের কথা উল্লেখ করেন। এই অঞ্চলে পর্যটন,

এরপর ৪ পাতায়




১-ম পাতার পর

## পাহাড়ের প্রশাসনকে 'গতিশীল' রাখতে চান মুখ্যমন্ত্রী মমতা বন্দ্যোপাধ্যায়

হয়। যে কারণে গুরুংয়ের ক্ষমতা খর্ব করার পথে হাঁটতে হয়েছিল। যদিও তাঁর পাল্টা মুখ হিসাবে বিনয়কে তুলে ধরা নিয়ে রাজনৈতিক মহলের অনেকে বলেছিলেন, "বিড়ালকে বাঘ সাজানো হচ্ছে।" পরবর্তী কালে দেখা যায়, বিনয় নিজের পায়ে পাহাড়ে দাঁড়াতে না পেরে তৃণমূলে যোগ দিয়েছেন। কিন্তু তত দিনে পাহাড়ের রাজনীতিতে অনীতের উত্থান হয়ে গিয়েছে। পুর নির্বাচনে হামরো পার্টির অজয় এডওয়ার্ডের প্রাথমিক সাফল্য দেখে প্রশাসনের অনেকে শঙ্কিত হয়েছিলেন যে, ফের পাহাড়ে নতুন আকচাআকচি শুরু হতে চলেছে। যদিও এখনও পর্যন্ত যা ছবি, তাতে হামরো পার্টির ওই জয়কে 'বিচ্ছিন্ন ঘটনা' বলেই মনে করছেন পাহাড়বাসী। পরবর্তী কালে অজয়ও কংগ্রেসের দিকে ঘেঁষেছিলেন। তবে বিশেষ কিছু করে উঠতে পারেননি।উল্লেখ্য, ২০১৭ সালে শেষ বার পাহাড়ে আগুন জ্বলেছিল। দীর্ঘ দিন ধরে চলা সেই আন্দোলন যে অর্থনীতিতে ধাক্কা দিয়েছিল, তা মানেন পাহাড়ের নেতারা। সেখান থেকে ঘুরে দাঁড়াতে না দাঁড়াতেই কোভিডের ধাক্কা আবার 'পঙ্গু' করে দিয়েছিল পাহাড়ের অর্থনীতি এবং জনজীবনকে। যার অনেকটাই নির্ভরশীল পর্যটনের উপর। এ কথা ঠিক যে, পাহাড়কে স্বাভাবিক ছন্দে রাখতে মুখ্যমন্ত্রী হিসাবে মমতা যে 'ধারাবাহিকতা' দেখিয়েছেন, অতীতে কোনও মুখ্যমন্ত্রীর ক্ষেত্রেই তা দেখা যায়নি। নিয়মিত পাহাড়ে যাওয়া, বৈঠক করা ইত্যাদির ফলে রাজনৈতিক ভাবে না হলেও মমতা প্রশাসনিক ভাবে সেখানকার মানুষের আস্থা অর্জন করতে পেরেছেন বলে অভিমত শাসক শিবিরের। তবে একই সঙ্গে শাসকদলের নেতারা এ-ও মানেন যে, পাহাড়ে তৃণমূল এখনও 'রাজনৈতিক আস্থা' অর্জন সে ভাবে করতে পারেনি। মমতা মুখ্যমন্ত্রী হওয়ার পরে যত বার পাহাড়ে গিয়েছেন, তা তাঁর পূর্বসূরি কোনও মুখ্যমন্ত্রী করেননি। এক প্রশাসনিক আধিকারিকের কথায়, "প্রশাসনের মূল উদ্দেশ্য পাহাড়কে স্বাভাবিক রাখা। সেখানে যাতে বিচ্ছিন্নতাবাদ মাথা না তোলে সে দিকে লক্ষ্য রাখা। তার জন্য প্রশাসনিক গতিশীলতা জরুরি। মুখ্যমন্ত্রী সেই দৃষ্টিভঙ্গি থেকেই যা করার করেছেন।"

২পাতার পর

## ভয়াবহ পর্যায়ে পৌঁছালো দিল্লির বায়ুদূষণ, স্থগিত ফ্লাইট

লাফে ৬২ পয়েন্ট বেড়ে ৪৩২ হয়েছে। যার অর্থ, এই মুহূর্তে দিল্লির বাতাস জনস্বাস্থ্যের জন্য 'বিপজ্জনক'।

বৃহস্পতিবার ভোর সাড়ে ৫টায় পাঞ্জাবের অমৃতসার ও পাঠানকোট বিমানবন্দর কর্তৃপক্ষ শূন্য দৃশ্যমানতার কথা জানিয়েছে। সকাল ৭টায় দৃশ্যমানতা শূন্যে নেমে আসে উত্তরপ্রদেশের গোরখপুর বিমানবন্দরেও। এর ফলে স্থগিত করা হয় ফ্লাইট চলাচল। মূলত একিউআই স্কোর ১০১ থেকে ২০০ হলে সংবেদনশীল গোষ্ঠীর জন্য 'অস্বাস্থ্যকর' ধরা হয়। অন্যদিকে ২০১ থেকে ৩০০ একিউআই স্কোরকে 'খুব অস্বাস্থ্যকর' বলে মনে করা হয় এবং ৩০১ থেকে ৪০০ একিউআই স্কোরকে 'বিপজ্জনক' হিসেবে বিবেচনা করা হয়। যা জনসাধারণের জন্য গুরুতর স্বাস্থ্য ঝুঁকি তৈরি করে।

উল্লেখ্য, বুধবার (১৩ নভেম্বর) সকালে দিল্লির বাতাসের গুণগত মান (এয়ার কোয়ালিটি ইনডেক্স বা একিউআই) ছিল ৩৭০, যা খুব খারাপ পর্যায়ে পড়ে। আর মঙ্গলবার একিউআই ছিল ৩৬১। সেই তুলনায় বৃহস্পতিবার (১৪ নভেম্বর) বাতাসের গুণগত মানের আরও অবনতি হয়েছে।

২ পাতার পর

## ভারতে 'মেনোপজ' মহিলাদের জন্য একটি উপেক্ষিত স্বাস্থ্য চ্যালেঞ্জ

ভুগছিলেন,যা তাকে বিদেশে চিকিৎসা নিতে বাধ্য করেছিল।তিনি জানিয়েছেন, চিকিৎসকের কাছে গেলে তাকে বলা হতো "এটা তো সবার হয়", কিন্তু শেষমেশ তিনি সঠিক চিকিৎসা পেয়ে তার সমস্যা অনেকটা কমাতে সক্ষম হন।

**ভারতের মহিলাদের জন্য উপযুক্ত চিকিৎসার অভাব**

ভারতে ২০১১ সালের জনসংখ্যা অনুযায়ী, ৪৫ বছরের উপরে ৯৬ মিলিয়ন মহিলা ছিল, যা ২০২৬ সালের মধ্যে ৪০০ মিলিয়নে পৌঁছাবে।তবুও, এই বিশাল সংখ্যক মহিলার জন্য মেনোপজ বিষয়ক চিকিৎসা বা পরামর্শ অত্যন্ত সীমিত।

বিশেষ করে গ্রামীণ এলাকায় মহিলাদের জন্য মেনোপজ নিয়ে কোনও পর্যাপ্ত স্বাস্থ্যসেবা বা চিকিৎসা সেবা নেই।অনেক নারী জানেন না, যে তাদের সমস্যাগুলি স্বাভাবিক বা চিকিৎসার প্রয়োজন রয়েছে।

**বৈদেশিক সমাধান এবং সামাজিক মাধ্যমের ভূমিকা**

মেনোপজ এবং প্রি-মেনোপজ বিষয়ে সচেতনতা কম থাকায়, অনেক ভারতীয় মহিলা সামাজিক মাধ্যমে বা বিদেশি বিশেষজ্ঞদের পরামর্শ অনুসরণ করছেন।যেমন, হলিউডের অভিনেত্রী নাওমি ওয়াটস এবং হ্যালি বেরি, যারা মেনোপজ বিষয়ক ডকুমেন্টারি প্রচার করছেন।

এছাড়া, ডাঃ মেরি ক্লেয়ার হাভার সামাজিক মিডিয়াতে মেনোপজের নতুন গবেষণা শেয়ার করছেন, যা ভারতীয় মহিলাদের জন্য অত্যন্ত সহায়ক।

**স্বাস্থ্য ব্যবস্থায় দ্রুত পরিবর্তন প্রয়োজন**

ভারতে মেনোপজ বিষয়ে যথাযথ চিকিৎসা এবং সচেতনতা সৃষ্টির জন্য প্রয়োজনীয় পদক্ষেপ নিতে হবে।সরকার এবং স্বাস্থ্যসেবা প্রতিষ্ঠানের উচিত মহিলাদের জন্য বিশেষভাবে এই বিষয়টি নিয়ে আরও বেশি তথ্য এবং সহায়তা প্রদান করা, যেন তারা মেনোপজের পর্বটি আরও সুস্থভাবে পার করতে পারেন।

২ পাতার পর

## জমির রেকর্ড করিয়ে দেওয়ার নাম করে টাকা চাওয়ার অভিযোগ তৃণমূল নেতার বিরুদ্ধে

একজনের জমি অন্যের নামে রেকর্ড করার চক্রান্তের বিষয়টি প্রশাসনের তদন্ত করে দেখা উচিত।

তৃণমূলের জেলা সহ সভাপতি সুভাষ চাকী জানান, এই ধরনের ঘটনা দলের জেলা নেতৃত্বর কাছে এসেছে। কেউ যদি আইনগত ভাবে তদন্তের দাবি করে থাকেন, তবে আইন আইনের পথে চলবে। তবে বিষয়টি তদন্ত সাপেক্ষ। দল অডিও ক্লিপ এর সত্যতা আছে কিনা তাও খতিয়ে দেখবে।

অডিও ক্লিপের কথোপকথনে কোনো জমির রেকর্ডের সমস্যার বিষয় উঠে আসে। সেই সমস্যা দূর করতেই টাকা চাওয়া হয়েছে বলে মনে করা হচ্ছে। কথোপকথনের একটি কন্ঠস্বর গঙ্গারামপুর ব্লকের বাসুরিয়া গ্রাম পঞ্চায়েতের অঞ্চল সভাপতি সাহেব সরকারের বলে সামাজিক মাধ্যমে দাবী করা হয়েছে। যদিও এই অডিও ক্লিপ ভাইরাল হবার পর বাসুরিয়া গ্রাম পঞ্চায়েতের অঞ্চল তৃণমূল সভাপতি সাহেব সরকার তার নিজের ফেসবুক প্রোফাইলে একটি ভিডিও পোস্ট করেন। সেই ভিডিওতে তিনি দাবি করেন, এআই টেকনোলজি ব্যবহার করে তার বিরুদ্ধে কুৎসা ছড়াতে এই কাজ করা হয়েছে বলে তিনি জানান।

ভারতের সর্বাধিক প্রচারিত বাংলা দৈনিক ই পেপার

নিউজ সারাদিন

বাংলার মানুষের সাথে, মানুষের পাশে

৪ বর্ষ ৩০৭ সংখ্যা ১৫ নভেম্বর, ২০২৪ শুক্রবার ২৯ কার্ত্তিক, ১৪৩১

## সম্পাদকীয়

### প্রধানমন্ত্রী শ্রী নরেন্দ্র মোদী বিহারে ১২ হাজার ১০০ কোটি টাকারও বেশি মূল্যের বিভিন্ন উন্নয়নমূলক প্রকল্পের উদ্বোধন ও শিলান্যাস করেছেন

প্রধানমন্ত্রী শ্রী নরেন্দ্র মোদী আজ বিহারের দ্বারভাঙার ১২ হাজার ১০০ কোটি টাকারও বেশি মূল্যের বিভিন্ন উন্নয়নমূলক প্রকল্পের উদ্বোধন ও শিলান্যাস করেছেন। এর মধ্যে রয়েছে - স্বাস্থ্য, রেল, সড়ক, পেট্রোলিয়াম এবং প্রাকৃতিক গ্যাস বিষয়ক বিভিন্ন প্রকল্প। সমাবেশে ভাষণে প্রধানমন্ত্রী বলেন, পাশের রাজ্য ঝাড়খণ্ডে ভোটদান প্রক্রিয়া চলছে। বিকশিত বা উন্নত ভারত গড়ার লক্ষ্যে সেখানকার জনগণ তাঁদের ভোটাধিকার প্রয়োগ করছেন। তিনি ঝাড়খন্ডবাসীকে বিপুল সংখ্যায় ভোটদানের আহ্বান জানান। প্রধানমন্ত্রী প্রয়াত শারদা সিনহা'জি- র স্মৃতিতে শ্রদ্ধাজ্ঞাপন করেন এবং সঙ্গীতে বিশেষ করে ছট মহাপরব উপলক্ষ্যে তাঁর বিভিন্ন গানের প্রশংসা করেন।

প্রধানমন্ত্রী বলেন, সমগ্র দেশের সঙ্গে বিহার রাজ্যেও উন্নয়নের জোয়ার এসেছে। তিনি বলেন, অতীতে বিভিন্ন প্রকল্পগুলি কেবলমাত্র কাগজে-কলমেই সীমাবদ্ধ থাকত। বর্তমানে বাস্তবে সেই প্রকল্পগুলি রূপায়িত হচ্ছে। শ্রী মোদী বলেন, "আমরা দৃঢ় পদক্ষেপে বিকশিত বা উন্নত ভারত গঠনের লক্ষ্যে এগিয়ে চলেছি"। তিনি বলেন, আমাদের বর্তমান প্রজন্ম অত্যন্ত সৌভাগ্যবান। কারণ, তাঁরা উন্নত ভারত প্রত্যক্ষ করতে পারছেন। দেশের সেবায় এবং জনগণের উন্নয়নের লক্ষ্যে সরকারের প্রতিশ্রুতিবদ্ধতার কথা পুনরায় ব্যক্ত করে প্রধানমন্ত্রী বলেন, আজ এখানে সড়ক, রেল, গ্যাস এবং পরিকাঠামো সহ বিভিন্ন ক্ষেত্রে ১২ হাজার ১০০ কোটি টাকারও বেশি মূল্যের বিভিন্ন প্রকল্পের উদ্বোধন ও শিলান্যাস হয়েছে। দ্বারাভাঙা এইমস্ নিয়ে যে স্বপ্ন ছিল, তা বাস্তবে পরিণত করার জন্য আজ এক গুরুত্বপূর্ণ পদক্ষেপ নেওয়া হয়েছে। এই এইমস্ হাসপাতালটি বিহারে স্বাস্থ্য ক্ষেত্রে ব্যাপক পরিবর্তন আনবে। প্রধানমন্ত্রী বলেন, মিথিলা, কোশী এবং তিরহুট সহ পশ্চিমবঙ্গ ও পার্শ্ববর্তী বিভিন্ন অঞ্চলের জনগণ এই হাসপাতালের সুবিধা পাবেন। এমনকি, চিকিৎসার জন্যও নেপাল থেকে ভারতে আসা রোগীরাও উপকৃত হবেন। শ্রী মোদী বলেন, এখানে কর্মসংস্থান ও স্বরোজগারের বহুমুখী সম্ভাবনা তৈরি হবে। বিভিন্ন উন্নয়নমুখী প্রকল্পগুলির উদ্বোধন ও শিলান্যাসের জন্য প্রধানমন্ত্রী মিথিলা ও দ্বারভাঙা সহ সমগ্র বিহারবাসীকে অভিনন্দন জানান।

প্রধানমন্ত্রী বলেন, দেশের অধিকাংশ জনগণ দরিদ্র বা মধ্যবিত্ত শ্রেণীর। বিভিন্ন রোগের প্রভাব তাঁদের উপরই বেশি পড়ে। চিকিৎসায় তাঁদের বহু টাকা ব্যয় হয়। পরিবারের কেউ অসুস্থ হয়ে পড়লে তার প্রভাব পড়ে সমগ্র পরিবারের উপর। প্রধানমন্ত্রী বলেন, অতীতে হাসপাতাল ও চিকিৎসকদের যথাযথ ব্যবস্থা না থাকায় চিকিৎসা পরিকাঠামো ছিল অত্যন্ত নিম্নমানের। স্বাস্থ্য ক্ষেত্র যথাযথ না থাকায় দেশের দরিদ্র শ্রেণীর জনগণ নানা অসুবিধার সম্মুখীন হয়েছেন। এর প্রভাব পড়েছে দেশের উন্নয়নের উপরও। কিন্তু, বর্তমানে সমগ্র ব্যবস্থা বদলে গেছে। পুরনো চিন্তায় পরিবর্তন এসেছে। প্রধানমন্ত্রী বলেন, স্বাস্থ্য ক্ষেত্রে মানোন্নয়নের জন্য সরকার সামগ্রিক ব্যবস্থা গ্রহণ করেছে। রোগ-প্রতিরোধের উপর সর্বপ্রথম জোর দেওয়া হচ্ছে। এরপর, রোগ নির্ণয়; তৃতীয় ধাপে বিনামূল্যে বা কম খরচে চিকিৎসা পরিষেবা ও ওষুধ প্রদান করা এবং চতুর্থ পদক্ষেপে ছোট ছোট শহরগুলিতে চিকিৎসার সুবিধা পৌঁছে দেওয়ার কাজ চলছে। স্বাস্থ্য ক্ষেত্রকে মজবুত করতে প্রযুক্তির সম্প্রসারণের উপরও বিশেষ জোর দেওয়া হচ্ছে।

শ্রী মোদী বলেন, সরকার যোগ ব্যায়াম, আয়ুর্বেদ, পুষ্টি এবং ফিট ইন্ডিয়া আন্দোলনের মতো বিষয়গুলিতে বিশেষ নজর দিচ্ছে। সাধারণভাবে অসুস্থতার জন্য গুরুপাক খাবার এবং যথাযথ জীবনযাপন না করা অন্যতম কারণ বলেও তিনি মন্তব্য করেন। প্রধানমন্ত্রী বলেন, স্বচ্ছ ভারত-এর মতো অভিযানের মাধ্যমে সরকার বিভিন্ন বাড়িতে শৌচাগার নির্মাণ করছে, যথাযথ পানীয় জলের জন্য চালু হচ্ছে নলবাহিত জল প্রদান ব্যবস্থা। রোগ প্রতিরোধে স্বচ্ছতা বজায় রাখার উপর বিশেষ জোর দেওয়া হচ্ছে। প্রধানমন্ত্রী দ্বারভাঙার মুখ্য সচিব ও তাঁর নেতৃত্বাধীন দলের ও সমগ্র বিহারবাসীর প্রশংসা করে বলেন, গত কয়েক দিনে এখানে স্বচ্ছতা আন্দোলন জোরদার হয়েছে। তিনি এই অভিযান আগামী আরও কয়েকদিন চালানোর জন্যও আহ্বান জানান।

প্রধানমন্ত্রী বলেন, যে কোনও রোগ প্রাথমিক অবস্থায় ধরা পড়লে তার ক্ষতিকর প্রভাব কিছুটা হলেও কম করা সম্ভব হয়। এতদিন পর্যন্ত রোগ নির্ণয়ের জন্য পরীক্ষা-নিরীক্ষা বিপুল ব্যয়বহুল হওয়ায় সাধারণ জনগণ তা থেকে দূরে থাকতেন। শ্রী মোদী বলেন, "কিন্তু, বর্তমানে যে কোনও রোগ প্রাথমিক অবস্থায় নির্ণয়ের জন্য আমরা দেশে দেড় লক্ষ আয়ুষ্মান আরোগ্য মন্দির চালু করেছি। এখনও পর্যন্ত আয়ুষ্মান ভারত প্রকল্পের আওতায় ৪ কোটিরও বেশি রোগীর চিকিৎসা হয়েছে বলে প্রধানমন্ত্রী উল্লেখ করেন। তিনি বলেন, এই প্রকল্পের সুবিধা না থাকায় অনেক ক্ষেত্রে গুরুতর অসুস্থ ব্যক্তিও হাসপাতালে ভর্তি হতে পারছেন না। আয়ুষ্মান ভারত প্রকল্প বহু দরিদ্র মানুষের চিন্তা দূর করতে সক্ষম হয়েছে বলেও তিনি উল্লেখ করেন। আয়ুষ্মান প্রকল্পের আওতায় কোটি কোটি পরিবার উপকৃত হচ্ছেন। এখনও পর্যন্ত প্রায় ১.২৫ লক্ষ কোটি টাকা সাশ্রয় করা সম্ভব হয়েছে। এই প্রকল্পের আওতায় সরকারি বা বেসরকারি হাসপাতালে চিকিৎসা চলছে বলেও তিনি উল্লেখ করেন। ভোটের সময় দেশের সত্তরোর্ধ্ব প্রবীণ নাগরিকদের আয়ুষ্মান ভারত প্রকল্পের আওতায় আনার যে প্রতিশ্রুতি দিয়েছিলেন, সেকথা উল্লেখ করে প্রধানমন্ত্রী বলেন, "এই প্রতিশ্রুতি পূর্ণ হয়েছে। বর্তমানে পারিবারিক আয় ব্যতিরেকে সত্তরোর্ধ্ব প্রবীণ নাগরিকদের এই প্রকল্পের আওতায় বিনামূল্যে চিকিৎসা পরিষেবা দেওয়া হচ্ছে"। তিনি বলেন, সব সুবিধাভোগীরাই খুব শীঘ্রই আয়ুষ্মান বয়ঃবন্দনা কার্ড পাবেন। তিনি স্বল্প মূল্যে ওষুধ পাবার জন্য জন ঔষধি কেন্দ্রগুলির কথাও উল্লেখ করেন।

ছোট শহরগুলিতে উন্নত চিকিৎসা পরিষেবা এবং পর্যাপ্ত সংখ্যক চিকিৎসকের সুবিধা দেওয়ার বিষয়টি উল্লেখ করে প্রধানমন্ত্রী বলেন, দেশে স্বাধীনতা পরবর্তী ষাট বছরে মাত্র একটি এইমস্ হাসপাতাল ছিল। কিন্তু, বর্তমান সরকার দেশের প্রায় প্রতিটি প্রান্তে এইমস্ হাসপাতাল স্থাপন করেছে। বর্তমানে দেশে এইমস্ হাসপাতালের সংখ্যা বেড়ে হয়েছে ২৪। প্রধানমন্ত্রী বলেন, বিগত ১০ বছরে দেশে মেডিকেল কলেজের সংখ্যা দ্বিগুণ হয়েছে। এরফলে, চিকিৎসকের সংখ্যাও বেড়েছে। প্রধানমন্ত্রী বলেন, "দ্বারভাঙা এইমস্ হাসপাতালের মাধ্যমে আরও অনেক চিকিৎসক বিহার তথা দেশবাসীর সেবায় নিয়োজিত হবেন"। মাতৃভাষায় উচ্চ শিক্ষার গুরুত্বের কথা উল্লেখ করে প্রধানমন্ত্রী বলেন, করপুরী ঠাকুরজির স্বপ্ন পূরণ হয়েছে। শ্রী মোদী বলেন, বিগত ১০ বছরে দেশে মেডিকেলে আসন সংখ্যা ১ লক্ষ বেড়েছে। আগামী পাঁচ বছরে আরও ৭৫ হাজার আসন বাড়ানো হবে বলেও তিনি জানান। তিনি আরও বলেন, হিন্দি সহ অন্যান্য আঞ্চলিক ভাষায় মেডিকেলে পড়াশোনার সুযোগ তৈরি করা হয়েছে। ক্যান্সারের বিরুদ্ধে লড়াইয়ে সরকারের প্রচেষ্টার প্রসঙ্গ উল্লেখ করে শ্রী মোদী বলেন, মুজফফরপুরে ক্যান্সার রোগ চিকিৎসার যে নতুন সুযোগ তৈরি হয়েছে, তা থেকে বিহারের ক্যান্সার রোগীরা উপকৃত হবেন। এখন থেকে আর রোগীদের চিকিৎসার জন্য দিল্লি বা মুম্বাই যেতে হবে না। বিহারে শীঘ্রই একটি নতুন চক্ষু হাসপাতাল খোলা হচ্ছে বলেও প্রধানমন্ত্রী আনন্দের সঙ্গে ঘোষণা করেন। তিনি বলেন, সম্প্রতি বারাণসীতে যে শঙ্কর চক্ষু হাসপাতাল তৈরি হয়েছে, সেটির মতো বিহারে একটি চক্ষু হাসপাতালের জন্য তিনি কাঞ্চি কামাকোটি শ্রীশঙ্করাচার্যজিকে অনুরোধ জানিয়েছিলেন। এই হাসপাতালের কাজ শুরু হয়েছে। সুশাসনের যথার্থ মডেল হিসেবে বিহারকে গড়ে তোলার জন্য এই রাজ্যের মুখ্যমন্ত্রীর প্রশংসা করেন শ্রী মোদী। তিনি বলেন, ডবল ইঞ্জিন সরকার বিহারের দ্রুত উন্নয়নে প্রতিশ্রুতিবদ্ধ। এখানকার ক্ষুদ্র কৃষক ও শিল্প ক্ষেত্রগুলির উন্নয়নের লক্ষ্যে সরকার কাজ করে চলেছে। প্রধানমন্ত্রী বলেন, এখানে পরিকাঠামো উন্নয়নের পাশাপাশি, বিমান বন্দর ও এক্সপ্রেসওয়ে নির্মাণে বিহারের পরিচয় নতুনভাবে তৈরি হচ্ছে। দ্বারভাঙায় উড়ান প্রকল্পের আওতায় নতুন বিমানবন্দর তৈরি হচ্ছে বলেও তিনি জানান। প্রধানমন্ত্রী বলেন, আজ যে উন্নয়নমূলক প্রকল্পগুলির যে উদ্বোধন ও শিলান্যাস হ'ল, সেখান থেকে অনেক নতুন কর্মসংস্থানের সুযোগ সৃষ্টি হবে। শ্রী মোদী বলেন, কৃষকদের উন্নয়নের পাশাপাশি এই অঞ্চলে মাখানা উৎপাদনকারী ও মৎস্য ক্ষেত্রের সঙ্গে যুক্ত ব্যক্তিদের উন্নয়নও সরকারের অন্যতম প্রধান লক্ষ্য। মিথিলা সহ বিহারের বিভিন্ন কৃষকরা প্রধানমন্ত্রী কিষাণ সম্মান নিধির আওতায় ২৫ হাজার কোটি টাকারও বেশি সাহায্য পেয়েছেন বলে তিনি উল্লেখ করেন। মাখানা উৎপাদনকারীদের উন্নয়নে 'এক জেলা, এক পণ্য' প্রকল্পের গুরুত্বের কথাও তুলে ধরেন শ্রী মোদী। তিনি বলেন, মাখানা গবেষণা কেন্দ্রটি জাতীয় প্রতিষ্ঠানের মর্যাদা পেয়েছে। মাখানা ইতিমধ্যেই জিআই ট্যাগও পেয়েছে। এখানকার মৎস্য চাষের সঙ্গে যুক্ত ব্যক্তিরা কিষাণ ক্রেডিট কার্ড এবং প্রধানমন্ত্রী মৎস্য সম্পদা যোজনার সুবিধা পাচ্ছেন বলেও তিনি উল্লেখ করেন। প্রধানমন্ত্রী বলেন, সরকার সমগ্র বিশ্বে ভারতকে অন্যতম বৃহৎ মৎস্য রপ্তানীকারক হিসেবে গড়ে তোলার লক্ষ্যে কাজ করছে। প্রধানমন্ত্রী জোর দিয়ে বলেন, কোশী ও মিথিলার জনগণকে বন্যার কবল থেকে মুক্ত করার জন্য সরকার সবরকম চেষ্টা চালাচ্ছে। বিহারে বন্যা নিয়ন্ত্রণে এ বছরের বার্ষিক বাজেটে একটি সুসংহত পরিকল্পনার উল্লেখ করা হয়েছে বলেও তিনি জানান। শ্রী মোদী বলেন, নেপালের সহযোগিতায় খুব শীঘ্রই বন্যা সমস্যার একটি আশু সমাধান মিলবে বলেই তাঁর আশা। বন্যা নিয়ন্ত্রণে ১১ হাজার কোটি টাকা ব্যয়ে উন্নয়নমূলক প্রকল্পের কাজ চলছে বলে তিনি জানান। শ্রী মোদী বলেন, "ভারতীয় ঐতিহ্যের অন্যতম প্রধান আধার বিহার"। ঐতিহ্য লালন করা আমাদের সকলের দায়িত্ব বলেও তিনি মন্তব্য করেন। সেই লক্ষ্যেই সরকার "বিকাশ ভি বিরাসত ভি" অর্থাৎ উন্নয়নের পাশাপাশি ঐতিহ্যও - এই মন্ত্র নিয়ে কাজ করে চলেছে। নালন্দা বিশ্ববিদ্যালয় বর্তমানে তার হৃত গৌরব ফিরে পাচ্ছে বলেও প্রধানমন্ত্রী উল্লেখ করেন। ভাষার গুরুত্বের প্রসঙ্গে প্রধানমন্ত্রী বলেন, পালি ভাষা ভগবান বুদ্ধের জ্ঞান বিতরণের সঙ্গে জড়িত এবং বিহারের অন্যতম প্রাচীন ঐতিহ্য। এই ভাষাকে সম্প্রতি ধ্রুপদী ভাষার মর্যাদা দেওয়া হয়েছে। বর্তমান সরকার মৈথিলী ভাষাকে ঝাড়খন্ডের দ্বিতীয় ভাষার মর্যাদা দিয়েছে বলেও প্রধানমন্ত্রী জানান। শ্রী মোদী বলেন, দ্বারভাঙা রামায়ণ সার্কিটে যুক্ত হওয়া দেশের ১২টি শহরের মধ্যে অন্যতম। এরফলে, এখানকার পর্যটনে বিশেষ গতিসঞ্চার হবে। দ্বারভাঙা সীতামারী - অযোধ্যা পথে অমৃত ভারত ট্রেন জনগণের জন্য বিশেষ উপকারী হবে বলেও তিনি মন্তব্য করেন। শ্রী মোদী স্বাধীনতার আগে ও পরে দেশের প্রতি বিশেষ অবদান রাখা দ্বারভাঙা এস্টেটের মহারাজ শ্রী কামেশ্বর সিংজির প্রতি শ্রদ্ধা জানান। তিনি বলেন, শ্রী কামেশ্বর সিংজির সমাজসেবা দ্বারভাঙার অন্যতম গর্ব এবং সকলের জন্য তা অনুপ্রেরণা সৃষ্টি করে।

## কোজাগরী লক্ষ্মী পূজা সঠিকভাবে পালন করলে বহু ফল পাওয়া যায় মানব জীবনে



-: মৃত্যুঞ্জয় সরদার :-

দুর্বাসা মুনির শাপে স্বর্গ একদা শ্রীহীন বা লক্ষ্মী-ছাড়া হয়ে যায়। তখন বিষ্ণুর পরামর্শে স্বর্গের ঐশ্বর্য ফিরে পাবার জন্য দেবগণ অসুরদের সাথে নিয়ে সমুদ্র-মন্থন শুরু করেন। সেই ক্ষীর-সমুদ্র মন্থনের ফলে উঠে আসল নানা রত্ন, মণি-মাণিক্য, অমৃতসুধা আরও কত কি। এসব ছাড়াও সমুদ্র-মন্থনের ফলে উঠে আসলেন লক্ষ্মী, লক্ষ্মী দেবী এবং ঠাই পেলেন বিষ্ণুর বক্ষে। সমুদ্র থেকে দেবীর উদ্ভব বলে দেবীকে বলা হয় সমুদ্রোদ্ভবা।

ক্রমশঃ


• সতর্কীকরণ •

এই পত্রিকায় প্রকাশিত সমস্ত বিজ্ঞাপনের দায় বিজ্ঞাপনদাতার পাঠকদের যথাযথ অনুসন্ধানের পর আস্থা স্থাপনের অনুরোধ জানাই। বিজ্ঞাপনদাতার ওপর বিশ্বাস রেখে বিজ্ঞাপন ছাপানো হয়। এই ব্যাপারে পত্রিকা কোনো রকম দায়িত্ব নেবে না।

## মাতৃ স্বপ্নাদেশে তৈরি হয়েছিল আদ্যাপীঠ



মৃত্যুঞ্জয় সরদার
(দ্বিতীয় পর্ব)




নিজের ভোগ্যবস্তু এবং ব্যবহার্য বস্তু আমাকে নিবেদন করেন, সেটাই আমার পুজো। যদি কোনও ভক্ত আমার সামনে আদ্যাস্তোত্র পাঠ করে তাহলে আমি বিশেষ আনন্দিত হই। এরপর মা আদ্যাস্তোত্র বলেন, আর অন্নদা ঠাকুর লিখে যান। সেই স্তোত্রই এখন আদ্যাপীঠে পাঠ হয়।

এই ঘটনার চার বছর পর ১৯১৮ সালে ঝুলন পূর্ণিমার রাতে রামকৃষ্ণদেব অন্নদা ঠাকুরকে হৃষিকেশ যেতে বলেন। সেখানে মন্দির তৈরির আদেশ দেন তিনি। রামকৃষ্ণদেব বলেছিলেন সৃষ্টির পর পৃথিবীর বুকে এমন মন্দির হতে চলেছে যেখানে ঈশ্বরের প্রকট আবির্ভাব ঘটবে। তার মাহাত্ম্য এতটাই হবে যে মন্দির স্পর্শ করলেই ভক্তদের উদ্ধার মিলবে। রামকৃষ্ণ পরমহংসের শিষ্য অন্নদা ঠাকুরের হাত ধরেই দক্ষিণেশ্বরের অদূরেই তৈরি হয় এই আদ্যাপীঠ। কোনও শাক্ত পীঠ নয়। আদ্যাশক্তি মহামায়ার বিগ্রহেই ফুল-চন্দন পড়ে নিয়মিত। ভোগও হয়। তবে অন্য দিনের থেকে একটু আলাদা আয়োজন কালীপুজোর দিন। সেদিন মহাপুজোর আয়োজন হয় আদ্যা মন্দিরে। কার্তিক অমাবস্যার আঁধার কাটিয়ে, দীপাবলির আলোয় সেজে ওঠে গোটা আদ্যাপীঠ। আদ্যাশক্তি মহামায়া। দেবীর আরাধনায় তো নিজের জীবন উতসর্গ করে ছিলেন রামকৃষ্ণ পরমহংসদেব। দক্ষিণেশ্বরের কালীমন্দিরে ভবতারিণীর সংসারেই, গোটা জীবন কাটিয়ে দিয়েছিলেন কামারপুকুরের গদাধর চট্টোপাধ্যায়।

ক্রমশঃ

(লেখকের অভিমতের জন্য লেখক দায়বদ্ধ)

## মণিপুরে পুড়িয়ে মারার আগে ৩ সন্তানের মাকে ভয়াবহ নির্যাতন



**স্টাফ রিপোর্টার, নিউজ সারাদিন :** মণিপুরের জিরিবাম জেলায় জনজাতি মহিলাকে পুড়িয়ে মারার ঘটনায় লাশের ময়নাতদন্তের রিপোর্ট হাতে পেল পুলিশ। উঠে এল চাঞ্চল্যকর তথ্য। দেহের ৯৯ শতাংশই পুড়ে গিয়েছিল তার। ভাঙা ছিল বেশ কয়েকটি হারও। ওই মহিলাকে জ্বালিয়ে দেয়ার আগে অত্যাচারের সঙ্গে ধর্ষণ করা হয় বলেও অভিযোগ ওঠে।

মণিপুরের জিরিবাম জেলার জাইরন গ্রামে ওই জনজাতি মহিলাকে বাড়িতে ঢুকে সশস্ত্র হামলাকারীরা নৃশংসভাবে হত্যা করে। তার স্বামী যৌন নির্যাতন ও ধর্ষণের অভিযোগ তোলেন। ঘটনা ৭ নভেম্বর অর্থাৎ গত বৃহস্পতিবারের। ৩১ বছরের ওই মহিলাকে জ্যান্ত জ্বালিয়ে দেয়া হয়।

দেহের ময়নাতদন্ত হয় শিলচর মেডিক্যাল কলেজ ও হাসপাতালে। পুলিশের হাতে এল ময়নাতদন্তের রিপোর্ট। জানা গিয়েছে, শরীরে গভীর ক্ষত ছিল ৮টা। সঙ্গে বেশ কিছু হার ভাঙা ছিল এবং মাথার খুলি শরীর থেকে আলাদা হয়ে গিয়েছিল, পুড়ে গিয়েছিল প্রায় পুরোটাই।

রিপোর্টে আরও জানানো হয়, ডান হাত ও দুই পা ভাঙা ছিল। মুখের কোনও হারই পাওয়া যায়নি। ডানদিকের থাইয়ের পিছন দিকে একটি গভীর ক্ষত চিহ্ন পাওয়া গিয়েছে। বাঁ দিকের পায়েও ক্ষত মিলেছে। একটি ধাতব নখের মতো বস্তু পাওয়া গিয়েছে। যা ওই বাঁ দিকের থাইতে আটকে ছিল। দেহের বেশিরভাগ অংশই পুড়ে যাওয়ায় খুব বেশি কিছু পাওয়া যায়নি। অনেক অংশই মিসিং ছিল।

থার্ড ডিগ্রি বার্ন, শরীরের ৯৯ শতাংশ পুড়ে যাওয়া এবং সেই থেকে শক পেয়ে মৃত্যু। এমনই ময়নাতদন্তের রিপোর্টে উল্লেখ করা হয় মৃত্যুর কারণ হিসেবে। ওইদিন মহিলাকে মারার সঙ্গেই জিরিবামের জাইরোন হমার গ্রামে অন্তত ১৬টি বাড়িতে অতর্কিতে আগুন ধরিয়ে দেয় জঙ্গিরা। নির্যাতিতার বাড়িও জ্বালিয়ে দেয়া হয়। ভয়ে গ্রাম ছাড়ে বহু মানুষ। আশ্রয় নেয় পার্শ্ববর্তী জঙ্গলে।

এই ঘটনার পর শনিবারও এক মহিলাকে খুন করা হয় মণিপুরের বিষ্ণুপুর জেলায়। জমিতে কাজের সময় মেইতেই কৃষক রমণীকে গুলি করে জঙ্গিরা। ঘটনাস্থলেই মৃত্যু হয় তার। পার্বত্য এলাকা থেকে কুকি জঙ্গির একটি দল এসে এমন করেছে বলে অভিযোগ ওঠে।

প্রসঙ্গত, গতবছর মে মাস থেকে জাতি বিদ্বেষে বিপর্যস্ত মণিপুর। অন্তত ২০০ জনের মৃত্যু হয়েছে এপর্যন্ত। রাজ্যের রাজধানী ইম্ফল-সহ উপত্যকা এলাকায় রয়েছে মেইতেই সম্প্রদায়। যারা জনসংখ্যার প্রায় ৫৩ শতাংশ। অন্যদিকে, জঙ্গলে ঘেরা পার্বত্য এলাকায় বসবাস নাগা ও কুকিদের। যারা ৪০ শতাংশ জনসংখ্যায়। এই দুই সম্প্রদায়ের মধ্যেই বিবাদে বার বার অগ্নিগর্ভ হচ্ছে সেখানকার পরিস্থিতি।

৩ পাতার পর

## মহাত্মা গান্ধীকে নিয়ে 'আপত্তিকর' মন্তব্যে কঙ্গনাকে আইনি নোটিশ

পিতা হয় না, লাল (সন্তান) হয়, ধন্য এই ভারতমাতার সন্তানরা।' এই পোস্টে কঙ্গনা লাল বাহাদুর শাস্ত্রীর ১২০ তম জন্মবার্ষিকীতে শ্রদ্ধাও নিবেদন করেছেন।

এর আগে আগস্ট মাসে কঙ্গনা তার সামাজিক যোগাযোগ মাধ্যমে একটি পোস্টে লেখেন, 'ভারতে কৃষক আন্দোলন বাংলাদেশের মতো পরিস্থিতি তৈরি করতে পারত। কিন্তু শেষ পর্যন্ত প্রধানমন্ত্রী নরেন্দ্র মোদির বিচক্ষণ সিদ্ধান্তের জন্যই তা হতে পারেনি।'

তিনি এই পোস্টে আরো লেখেন, 'কৃষক আন্দোলন চলাকালীন ঝুলন্ত অবস্থায় বহু দেহ পাওয়া গিয়েছে। সেই সময় প্রচুর ধর্ষণের ঘটনাও ঘটেছে।'

আরো একটি ইনস্টাগ্রাম পোস্টে দেশে গান্ধীর স্বচ্ছতার উত্তরাধিকার বহন করার জন্য প্রধানমন্ত্রী নরেন্দ্র মোদিকে কৃতিত্ব দিয়েছেন কঙ্গনা। ফলে কংগ্রেসের পক্ষ থেকে একাধিক আক্রমণাত্মক পোস্ট আসে কঙ্গনার বিরুদ্ধে।

৩ পাতার পর

## উত্তর-পূর্ব বাণিজ্য ও বিনিয়োগ রোড-শো'তে অংশগ্রহণ ডঃ সুকান্ত মজুমদারের

মেডিক্যাল পর্যটন ও তথ্য প্রযুক্তি ক্ষেত্রের সম্ভাবনার কথা উল্লেখ করে উত্তর-পূর্বে আইটি ক্ষেত্র ও স্বাস্থ্য পরিচর্যায় বিনিয়োগের জন্য আহ্বান জানান। তিনি বলেন, মোদী সরকার ১০০ দিনের মধ্যে বেশ কিছু উল্লেখযোগ্য প্রকল্পের অনুমোদন দেওয়া হয়েছে। সড়ক পরিকাঠামো, স্বাস্থ্য পরিচর্যা এবং বাঁশ প্রক্রিয়াকরণের সঙ্গে এই প্রকল্পগুলি যুক্ত। এই প্রকল্পগুলির মাধ্যমে উত্তর-পূর্ব ভারতের জীবনযাত্রার মান উন্নত হবে বলে মন্তব্য করেন তিনি। মিজোরামের রাজ্যপাল ডঃ হরিবাবু কামভামপতি বিস্তৃত সড়ক যোগাযোগ, রেল রুট এবং ১৭টি বিমানবন্দরের কথা উল্লেখ করে এই অঞ্চলের ব্যবসায়িক সম্ভাবনার তুলে ধরেন। তিনি বলেন, উত্তর-পূর্বাঞ্চল ইতিহাস, সংস্কৃতি এবং প্রাকৃতিক সৌন্দর্যে সমৃদ্ধ। উত্তর-পূর্বাঞ্চলের বিভিন্ন রাজ্যের প্রতিনিধিরা নিজ নিজ রাজ্যের সামগ্রিক চিত্র তুলে ধরে লগ্নির আর্জি জানান। উত্তর-পূর্ব বিনিয়োগ শীর্ষ বৈঠকের আগে আসাম, ত্রিপুরা, মিজোরাম, মেঘালয়, সিকিম ও নাগাল্যান্ড সহ বিভিন্ন রাজ্যে সফল গোলটেবিল বৈঠক অনুষ্ঠিত হয়। আগের রোড শো'গুলি অনুষ্ঠিত হয়েছিল কলকাতা, মুম্বই, হায়দরাবাদ এবং বেঙ্গালুরুতে।

# সিনেমার খবর

cinema TV

## রণবীর, কারিনার যে গোপন কথা ফাঁস করলেন অজয়



স্টাফ রির্পোটার, নিউজ সারাদিন : রণবীর সিং এবং কারিনা কাপুর এই দুই তারকাই বলিউডের অন্যতম বড় তারকা। কিন্তু তাদেরও আছে কিছু বদভ্যাস। 'সিংহম এগেইন' তৈরির সময়ে সেটে কী হতো, সেই গল্প বলতে গিয়েই দুই সহ-অভিনেতার গোপন কথা ফাঁস করলেন অজয় দেবগন।

সদ্য মুক্তিপ্রাপ্ত এই ছবিতে বলিউডের মহাতারকা সমাবেশ দেখা গেছে। রোহিত শেট্টির ফ্রেমে 'এ বলে আমায় দেখ, তো ও বলে আমায়'। এত তারকা সমাহার যেখানে, সেখানে ক্যামেরার নেপথ্যে সেটের কাণ্ড-কারখানা নিয়ে যে দর্শক-অনুরাগীদের মনে আলাদা একটা কৌতূহল রয়েছে। সেই গল্প ফাঁস করতে গিয়ে এবার রণবীর সিং এবং কারিনা কাপুরের অভ্যেস নিয়ে হাটে হাঁড়ি ভাঙলেন অজয় দেবগন এবং রোহিত শেট্টি। 'সিংহম এগেইন' তৈরির সময় সেটে নাকি সকলে দারুণ মজা করতেন। সাক্ষাৎকারে অজয় বলেন, 'রণবীর সারাদিন সেটে বাজে বকে যেত, আর কারিনা কাপুর হচ্ছে গসিপ কুইন। ইন্ডাস্ট্রির সবার অন্দরমহলের খবর থাকে ওর কাছে। বিশ্বের সবার খবর আছে বেবোর কাছে। এটা কিন্তু ওর কাছ থেকে শেখার মতো, আর সেটেই সেই পরনিন্দা-পরচর্চার ঝুলি খুলে বসে।'

অজয়ের কথায় সায় দেন পরিচালক রোহিত শেট্টিও। তিনি জানালেন, 'সিংহম এগেইন'-এর সেটে কলাকুশলী থেকে শিল্পী, সকলেই একেবারে ভালো সময় কাটিয়েছেন।'

অনেক তারকা সেটে কোনো ঝামেলা হয়নি প্রশ্ন, করা হলে রোহিতের ভাষ্য, 'অনেক তারকাকে নিয়ে কাজ করা আসলেও খুব একটা কঠিন বিষয় নয়। কারণ যে সকলেই আসেন শুধু কাজটা ভালো করে করবেন বলে। আমার সেটে তারকাসুলভ হাবভাব দেখিয়ে কেউ বলেননি যে, ওহ আমি তো স্টার।'

## সাবেক স্বামীর বিয়ে, যে কাণ্ড করলেন সামান্থা



স্টাফ রির্পোটার, নিউজ সারাদিন : দক্ষিণী সিনেমার পাশাপাশি বলিউডেও বেশ জনপ্রিয় অভিনেত্রী সামান্থা রুথ প্রভু। অবশ্য, পারফরমেন্সের ঝলকানির থেকে বিবাহবিচ্ছেদের কারণে আলোচনায় আসেন এই অভিনেত্রী। অনেকে মনে করেন, বিবাহবিচ্ছেদের পর খানিকটা বদলেছেন সামান্থা, হোক সেটা কাজে বা ব্যক্তিজীবনে।

এদিকে, সামান্থার সঙ্গে বিবাহবিচ্ছেদের আড়াই বছরের মাথায় ফের বিয়ের পিঁড়িতে বসছেন নাগা চৈতন্য। আগামী ৪ ডিসেম্বর শোভিতা ধূলিপালার গলায় মালা দেবেন নাগা। এদিকে নাগার সঙ্গে বিচ্ছেদের পরই সামান্থা জানিয়েছিলেন, তার মনের দরজা নাকি বন্ধ হয়ে গেছে। তবু বিবাহবিচ্ছেদের পরবর্তী সময়ে নিজের ক্ষোভ উগরে দিয়েছেন সামান্থা।

যেমন, কখনও নিজের বিয়ের সাদা পোশাক ছিঁড়ে, তা পুনর্নির্মাণ করে কালো রং করেছেন। আবার বিবাহবিচ্ছেদের পরই সামান্থা 'ও আন্তাভা' গানে নাচ করে সাড়া ফেলে দিয়েছিলেন। এবার শোনা যাচ্ছে, এই বিচ্ছেদ কিংবা সাবেক স্বামীর বিয়ের খবরেই নাকি বলিউডের নায়কের সঙ্গে নিবিড় চুম্বনে মত্ত হয়েছেন অভিনেত্রী।

এদিকে নাগা চৈতন্যের বিয়ের আগাম ঢাক বাজছিল বহুদিন ধরেই। এরই মধ্যে রাজ নিদিমরু এবং কৃষ্ণ ডিকের পরিচালনায় সদ্যই মুক্তি পেয়েছে 'সিটাডেল: হানি বানি'। যেখানে জমে উঠেছে সামান্থা ও বরুণ ধাওয়ানের রসায়ন। সেখানেই বরুণের সঙ্গে ঠোঁটে ঠোঁট ছুঁইয়েছেন অভিনেত্রী।

যদিও নায়ক বাছাই ও ছবি নির্বাচনে খুব খুঁতখুঁতে সামান্থা। তাই তো দর্শক, নেটিজেন ও সামান্থার অনুরাগীরা মনে করছেন, বিয়ের আগে এবং নাগার সঙ্গে বিবাহিত সম্পর্কে থাকাকালীন সেভাবে কোনো নায়কের সঙ্গে ঘনিষ্ঠ দৃশ্যে দেখা যায়নি তাকে। তবে সম্পর্ক ভেঙে যাওয়ার পর থেকে যেন আর বেশি সাহসী হয়ে উঠেছেন অভিনেত্রী।

## ৫৪ বছরেও যে কারণে বিয়ে করেননি টাবু



স্টাফ রির্পোটার, নিউজ সারাদিন : বলিউডের জনপ্রিয় অভিনেত্রী টাবু ৫৪ বছরে পা রেখেছেন। ইন্ডাস্ট্রির ব্যাচেলর নায়ক হিসেবে যেমন আলোচিত সালমান খান, তেমনই ব্যাচেলর অভিনেত্রী হিসেবে সুপরিচিত তিনি। প্রায় তিন যুগেরও বেশি ক্যারিয়ারে টাবু কাজ করেছেন অনেক নায়কের বিপরীতে। কখনো কারো সঙ্গে প্রেমের গুঞ্জন শোনা গেলেও সেই গুঞ্জনের পালে ঝড়ো বাতাস লাগেনি। ফলে ৫৪ বছরেও টাবু থেকে গেছেন অবিবাহিত। এর মধ্যে সবচেয়ে বেশি আলোচিত ছিল অজয় দেবগনের সঙ্গে টাবুর সম্পর্ক। এই দুই শিল্পীকে ঘিরে এমন সংবাদও প্রচার হয়েছে, যেখানে দাবি করা হয়েছে- অজয়ের কারণেই নাকি কাউকে বিয়ে করেননি এই অভিনেত্রী। আসলেই কি তাই? সম্প্রতি এক সাক্ষাৎকারে টাবু জানালেন বিষয়টি একেবারেই তা নয়। অভিনেত্রীর কথায়, তার ভাই আর্য ও অজয় দেবগন ছিলেন ঘনিষ্ঠ বন্ধু। টাবুর যে সময় প্রেম করার বয়স ছিল, সেই সময় তাকে চোখে চোখে রাখতেন অজয় ও আর্য। টাবু বলেন, যে ছেলের সঙ্গে বন্ধুত্ব করতেন, তাকেই হুমকি-ধমকি দিয়ে বিদায় করতেন অজয়। সে কারণেই আজও তার বিয়ে হয়নি। এজন্য অজয়ের সঙ্গে প্রেমের সম্পর্কের কোনো ঘটনা নেই।

অভিনেত্রী হিসেবে টাবুর প্রথম চলচ্চিত্র ছিল ভেঙ্কটেশের সঙ্গে তেলুগু ভাষায় 'কুলি নম্বর ওয়ান'। এছাড়া অজয় দেবগনের বিপরীতে 'বিজয় পথ' চলচ্চিত্রে অভিনয় করে শ্রেষ্ঠ নবাগত অভিনেত্রী বিভাগে ফিল্মফেয়ার পুরস্কার অর্জন করেন। তিনি দু'বার শ্রেষ্ঠ অভিনেত্রী বিভাগে জাতীয় চলচ্চিত্র পুরস্কার অর্জন করেন। এছাড়া রেকর্ডসংখ্যক চারটি সমালোচক পুরস্কারসহ শ্রেষ্ঠ অভিনেত্রী হিসেবে সাতটি ফিল্মফেয়ার পুরস্কার অর্জন করেন। ২০১১ সালে শিল্পকলায় অবদানের জন্য চতুর্থ সর্বোচ্চ ভারতীয় বেসামরিক সম্মান পদ্মশ্রীতে ভূষিত হন এই নন্দিত অভিনেত্রী।



## তাড়াহুড়োয় বিয়ে করে অসুখী হতে চান না ভূমি পেডনেকর



স্টাফ রির্পোটার, নিউজ সারাদিন : বলিউড অভিনেত্রী ভূমি পেডনেকর তার ক্যারিয়ারে একের পর এক চ্যালেঞ্জ গ্রহণ করেছেন এবং সফলভাবে তা পার করেছেন। 'দম লাগাকে হাইসা' ছবিতে তার অভিনয় নজর কেড়েছিল, যেখানে তার চরিত্রের জন্য ২০ কেজি ওজন বাড়াতে হয়েছিল। সেই ছবিতে অভিনয়ের জন্য ব্যাপক প্রশংসা পেয়েছিলেন ভূমি, এবং এরপর একের পর এক হিট ছবির মাধ্যমে তার ক্যারিয়ার আরো শক্তিশালী করেছে। অক্ষয় কুমারের বিপরীতে 'টয়লেট: এক প্রেম কথা', রাজকুমার রাও-এর বিপরীতে 'বাধাই দো', এবং আয়ুষ্মান খুরানার বিপরীতে 'বালা'এইসব সিনেমায় ভূমির চরিত্রগুলি তার অভিনয় দক্ষতার নতুন মাত্রা দেখিয়েছে। বর্তমানে ভূমি প্রায়ই বিভিন্ন পুরস্কার অনুষ্ঠানে এবং ছবির প্রচারে অংশ নেন, যেখানে তার পোশাক নিয়ে দর্শকদের আগ্রহের শেষ নেই। একদিকে যেমন তিনি আধুনিক ও সাহসী লুক বেছে নেন, তেমনি মাঝে মাঝে তাকে দেখা যায় অদ্ভুত ধরনের পোশাকে, যা নেটিজেনদের প্রশংসা ও কটাক্ষ দুই-ই আকর্ষণ করে। তবে, এসব কটাক্ষের প্রতিক্রিয়া না দিলেও তার আত্মবিশ্বাসই তার শক্তি হিসেবে কাজ করছে, এবং সেই আত্মবিশ্বাসই তার প্রতিটি সাফল্যের চাবিকাঠি। অভিনেত্রীর ব্যক্তিগত জীবনও প্রায়ই আলোচনার বিষয় হয়ে ওঠে। যখনই তার বিয়ে নিয়ে প্রশ্ন উঠেছে, তখনই তিনি নিজের মতামত পরিষ্কার করেছেন। সম্প্রতি মুম্বাইয়ের এক সংবাদমাধ্যমে দেয়া সাক্ষাৎকারে ভূমি বলেন, "কোনওকিছুর জন্য তাড়াহুড়ো করিনি, তাই জীবনসঙ্গী বাছাই করার ক্ষেত্রেও সময় নিচ্ছি। আমি বিশ্বাস করি, একজন ভালো মানুষের সঙ্গে জীবন কাটানো জরুরি। তবে তাড়াতাড়ি ভালো মানুষ খুঁজে বের করতে হবেএমন ভাবনা কখনোই আমার মাথায় আসে না।" এছাড়াও, তিনি বলেন, "যদি আমার ভালোবাসার মানুষকে খুঁজে পেতে দশ বছর, বিশ বছর বা কাল পর্যন্ত সময় লাগে, আমি অপেক্ষা করব। তাড়াহুড়ো করে বিয়ে করে অসুখী দাম্পত্য জীবন কাটাতে চাই না।"

## 'ভুল ভুলাইয়া ৩' বনাম 'সিংহাম এগেইন' : বক্স অফিসের লড়াইয়ে এগিয়ে কে?



স্টাফ রির্পোটার, নিউজ সারাদিন : বলিউডের দুই প্রতীক্ষিত চলচ্চিত্র 'ভুল ভুলাইয়া ৩' এবং সিংহম এগেইন' দীপাবলি উৎসবে একসঙ্গে মুক্তি পেয়েছে। দীর্ঘদিন ধরেই সিনেমা দুটি ঘিরে দর্শকদের আগ্রহ ছিল তুঙ্গে। যার প্রভাব দেখা যাচ্ছে বক্স অফিস লড়াইয়ে। দুটি সিনেমাই বেশ দুর্দান্ত শুরু করেছে বক্স অফিসে। মুক্তির প্রথম সপ্তাহে ভারতীয় বক্স অফিসে ১৫০ কোটি আয় ছাড়িয়েছে উভয় সিনেমা। বাণিজ্য ওয়েবসাইট স্যাকনিল্কের প্রাথমিক প্রতিবেদন অনুসারে, অজয় দেবগনের 'সিংহম এগেইন'-এর বৃহস্পতিবারের আয় ছিল ৮.৭৫ কোটি টাকা। ভারতে সিনেমাটির মোট আয় এখন ১৭৩ কোটি টাকা। বিশ্বব্যাপী সিংহামের মোট আয় দাঁড়িয়েছে ২৬০ কোটি টাকা। বক্স অফিসে 'সিংহাম এগেইন'-এর সাফল্য অনুমেয় ছিল। রোহিত শেঠির 'কপ ইউনিভার্স'-এর সবচেয়ে বড় সিনেমা বলা যায় একে। এর মাধ্যমে পর্দায় এক হয়েছেন অজয় দেবগন, অক্ষয় কুমার, রনবীর সিং, দীপিকা পাড়ুকোন, কারিনা কাপুরসহ এক ঝাঁক তারকা। আর সব শেষে চমক হিসেবে রয়েছেন দাবাং খ্যাত সালমান খান। বিখ্যাত চুলবুল পান্ডের চরিত্রেই হাজির হয়েছেন তিনি। যার ফলে সিনেমাটি ঘিরে দর্শক প্রত্যাশা ছিল ব্যাপক। আর মুক্তির পর বক্স অফিসেও যার প্রতিফলন লক্ষ করা যাচ্ছে। অন্যদিকে, কার্তিকের 'ভুল ভুলাইয়া ৩' বৃহস্পতিবার ৯.৫০ কোটি টাকা ঘরে তুলেছে। ভারতে সিনেমাটির মোট সংগ্রহ এখন ১৫৮.২৫ কোটি টাকায় পৌঁছেছে। বিশ্বব্যাপী সিনেমাটির মোট আয় দাঁড়িয়েছে ২৪১ কোটি টাকা।

তবে বক্স অফিসের লড়াইয়ে সিংহমের সঙ্গে কিছুটা পিছিয়ে থাকলেও কার্তিক আরিয়ান, বিদ্যা বালান, মাধুরী দীক্ষিত ও তৃপ্তি দিমরি অভিনীত 'ভুল ভুলাইয়া ৩' নিয়ে দর্শক আগ্রহ চোখ পড়ার মতো। সিংহামের সঙ্গে সরাসরি যুদ্ধে বেশ শক্তিশালী শুরুই করেছে সিনেমাটি। দীপাবলির ছুটিতে বেশ ভাল আয় করবে উভয় সিনেমা, এমনটাই ধারণা করছেন চলচ্চিত্র বাণিজ্য বিশ্লেষকরা।

## চ্যাম্পিয়ন্স ট্রফি খেলতে পাকিস্তানে যাচ্ছে না ভারত?



**স্টাফ রির্পোটার, নিউজ সারাদিন :** পাকিস্তানে অনুষ্ঠিত হতে যাওয়া ২০২৫ চ্যাম্পিয়ন্স ট্রফিতে অংশ নিতে দেশটিতে যাচ্ছে না ভারতীয় ক্রিকেট দল। ক্রিকেট বিষয়ক ওয়েবসাইট ইএসপিএনক্রিকইনফোর প্রতিবেদনে বলা হয়েছে, ভারতীয় ক্রিকেট বোর্ড-বিসিসিআই ইতোমধ্যে আইসিসিকে জানিয়েছে, ভারত সরকার দলকে পাকিস্তানে পাঠানোর অনুমতি দিচ্ছে না। ফলে চ্যাম্পিয়নস ট্রফিতে অংশ নিতে ভারত পাকিস্তানে যাবে না। যার ফলে, আইসিসি ও পাকিস্তান ক্রিকেট বোর্ডকে (পিসিবি) টুর্নামেন্টটি আয়োজনের জন্য বিকল্প ব্যবস্থা গ্রহণ করতে হচ্ছে। তবে পিসিবি চেয়ারম্যান মহসিন নাকভি এরই মধ্যে হাইব্রিড মডেল ব্যবহারের প্রতি আপত্তি জানিয়েছেন। তিনি বলেছেন, এ বিষয়ে কোনো আলোচনা হয়নি। তবে পরিস্থিতির প্রেক্ষাপটে বিকল্প আয়োজনের জন্য প্রস্তুতিমূলক আলোচনা চলমান রয়েছে।

আট-দলের এই বৈশ্বিক টুর্নামেন্টটি ১৯ ফেব্রুয়ারি থেকে ৯ মার্চ ২০২৫ পর্যন্ত পাকিস্তানে আয়োজিত হওয়ার কথা। ভারতের আপত্তির কারণে সিদ্ধান্তে আইসিসি এবং পাকিস্তান ক্রিকেট বোর্ডকে (পিসিবি) বিকল্প পরিকল্পনা করতে হবে। হাইব্রিড মডেলে টুর্নামেন্ট আয়োজনের বিষয়ে আলোচনা চলছে, যেখানে কিছু ম্যাচ পাকিস্তানে এবং অন্য ম্যাচগুলো একটি বিকল্প ভেন্যুতে হতে পারে। সংযুক্ত আরব আমিরাত (ইউএই) এই মডেলের সম্ভাব্য আয়োজক হিসেবে শীর্ষে রয়েছে। এছাড়া শ্রীলঙ্কাকেও সম্ভাব্য ভেন্যু হিসেবে বিবেচনা করা হচ্ছে।

২০২৩ সালের এশিয়া কাপেও ভারত পাকিস্তানে ভ্রমণ না করায় ম্যাচগুলোর আয়োজন হাইব্রিড মডেলে করা হয়েছিল, যেখানে শ্রীলঙ্কায় ম্যাচগুলো আয়োজন করা হয়। সেই অভিজ্ঞতার পর, ভারতীয় দল পাকিস্তানে যাওয়ার ক্ষেত্রে সরকারের অনুমতির বিষয়টি আরও স্পষ্ট হয়ে উঠেছে।

২০২৫ চ্যাম্পিয়নস ট্রফিতে অংশ নেবে আফগানিস্তান, অস্ট্রেলিয়া, বাংলাদেশ, ইংল্যান্ড, ভারত, নিউজিল্যান্ড, পাকিস্তান এবং দক্ষিণ আফ্রিকা।

## অ্যাস্টন ভিলাকে হারিয়ে ম্যানসিটির সঙ্গে

# ব্যবধান বাড়ালো লিভারপুল




**স্টাফ রির্পোটার, নিউজ সারাদিন :** ইংলিশ প্রিমিয়ার লিগে শীর্ষস্থান ধরে রাখার জন্য জিততে হতো লিভারপুলকে। কারণ, ব্রাইটনের বিপক্ষে যদি ম্যানচেস্টার সিটি জিতে যায়, আর অ্যাস্টন ভিলার কাছে হেরে যায় লিভারপুল, তাহলে শীর্ষস্থান হারাতে হতো অলরেডদের। দুই সমীকরণের কোনোটিই মেলেনি শনিবার রাতে।

ভিলাকে ২-০ গোলে হারিয়ে দিয়েছে লিভারপুল। অন্যদিকে ব্রাইটনের কাছে ২-১ ব্যবধানে হেরে গেছে ম্যানসিটি। এতে শীর্ষস্থান আরও মজবুত হয়েছে লিভারপুলের। দ্বিতীয় স্থানে থাকা ম্যানসিটি থেকে এখন ৫ পয়েন্ট বেশি আর্নে স্লটের শিষ্যদের।

ওল্ড ট্রাফোর্ডে শনিবার ২০ মিনিটে লিড নেয় লিভারপুল। ভিলার কর্নার ক্লিয়ার করে মোহাম্মদ সালাহকে পাস দেন লিভারপুলের ডিফেন্ডার ভিরগিল ফন ডাইক। ভিলার ফুটবলার লিওন বেইলির বাধার সামনে পড়লে ডারউইন নুনেজের কাছে বল পাস দেন সালাহ। এরপর বল নিয়ে ভিলার গোলরক্ষক এমিলিয়ানো মার্টিনেজকে সফলভাবে ফাঁকি দেন নুনেজ। উরুগুয়ে ফরোয়ার্ড ডান পায়ের দারুণ শটে বল জমা করেন ভিলার জালে।

কিছুক্ষণ পর একই রকমভাবে ব্যবধান ২-০ করার সুযোগ পান নুনেজ। তবে এবার সুযোগ কাজে লাগাতে পারেননি এই উরুগুয়ে তারকা।

দ্বিতীয়ার্ধে সমতায় ফেরার সুযোগ পেয়েও ব্যর্থ হয় ভিলা। ৮৪ মিনিটে ভিলার ম্যাচে ফেরার পথ কঠিন করে তোলেন সালাহ। দুর্দান্ত গোলে লিভারপুলকে ২-০ ব্যবধানে এগিয়ে দেন মিশরীয় ফরোয়ার্ড। চলতি মৌসুমে সব ধরনের প্রতিযোগিতায় এটি সালাহর ১০ম গোল। এই মৌসুমে ১০টি অ্যাসিস্টও আছে মিশরীয় তারকার।

১১ ম্যাচে লিভারপুলের পয়েন্ট ২৮। সমান ম্যাচে ডিফেন্ডিং চ্যাম্পিয়ন ম্যানসিটির পয়েন্ট ২৩। ১৯ পয়েন্ট নিয়ে তৃতীয় স্থানে আছে নটিংহ্যাম ফরেস্ট। অন্যদিকে টানা তৃতীয় হারে ১৮ পয়েন্ট নিয়ে টেবিলের অষ্টম স্থানে চলে গেছে ভিলা।

## বিসিসিআইয়ের কঠিন জেরায়

# রোহিত-গম্ভীর, মুখোমুখি হতে হলো যেসব প্রশ্নের




**স্টাফ রির্পোটার, নিউজ সারাদিন : ভারতের মাটিতে টেস্ট সিরিজ খেলতে নেমে বুক কেঁপে ওঠে না, এমন দল খুঁজে পাওয়া ভার। ভয় পাওয়াটাই যে স্বাভাবিক কারণ ঘরের মাঠে ভারত সব সময়ই অপ্রতিরোধ্য, দুর্বার। সেই দলকে তিন ম্যাচের টেস্ট সিরিজে হোয়াইটওয়াশ। সত্যিই অকল্পনীয়, অবিশ্বাস্য, অবিস্মরণীয়।**

ভারতের ঘরের মাঠে টেস্ট ইতিহাসে কোনো দল যা করতে পারেনি, নিউজিল্যান্ড সেটা করেছে দুর্দান্ত প্রতাপের সঙ্গে। সিরিজটা নিশ্চিতভাবেই ভারতের জন্য দুঃস্বপ্নের। এমন লজ্জার হারে টেস্ট বিশ্ব চ্যাম্পিয়নশিপের ফাইনালে খেলা কঠিন হয়ে গেছে ভারতের। সমীকরণ দাঁড়িয়েছে অস্ট্রেলিয়ায় তাদের সিরিজ জিততে হবে ৪-০ ব্যবধানে। যা বেশ কঠিন।

দলের এমন দুরাবস্থার পেছনের কারণ ও করণীয় জানতে কোচ, অধিনায়ক ও প্রধান নির্বাচকের সঙ্গে বৈঠক করেছে ভারতীয় ক্রিকেট বোর্ড (বিসিসিআই)। শীর্ষ ব্যক্তিদের সঙ্গে মিটিংয়ে অস্বস্তিকর আলোচনাই যে বেশি হয়েছে, তা সহজেই অনুমেয়।

জানা গেছে, টানা ৬ ঘণ্টা রোহিত ও গম্ভীরকে জেরা করেছেন বিসিসিআই সভাপতি রজার বিনি ও সচিব জয় শাহ। এ সময় হারের কারণ ও ক্রিকেটারদের খেলার ধরণ, গম্ভীরের কোচিং ও উইকেট নিয়ে নানা ধরণের কঠিন প্রশ্ন করা হয়েছে। সেই সঙ্গে জানতে চাওয়া হয়েছে আসন্ন অস্ট্রেলিয়া সফরের জন্য দলের প্রস্তুতি সম্পর্কেও।

ভারতীয় বার্তা সংস্থা পিটিআইয়ের খবরে বলা হয়, নির্বাচক কমিটির প্রধান অজিত আগারকার, কোচ গম্ভীর এবং অধিনায়ক রোহিতকে কিউইদের কাছে বিধ্বস্ত হওয়া নিয়ে নানা জিজ্ঞাসার জবাব দিতে হয়েছে। বিশেষ করে সিরিজের জন্য বেশি টার্ন করা উইকেট কেন বানানো হয়েছে, যশপ্রীত বুমরাকে তৃতীয় টেস্টে কেন বিশ্রাম দেওয়া হয়েছে এবং গম্ভীরের কোচিং ধরন নিয়ে আলোচনা হয়েছে। সিরিজের বিভিন্ন পর্যায়ে নেওয়া টিম ম্যানেজমেন্টের কিছু সিদ্ধান্ত নিয়েও প্রশ্ন তুলেছেন ভারতীয় ক্রিকেট বোর্ডের শীর্ষ দুই ব্যক্তি।

নাম প্রকাশ না করার শর্তে বিসিসিআইয়ের একটি সূত্র পিটিআইকে বলেন,ওএমন একটা বিপর্যয়ের পর এরকম মিটিং হওয়ারই ছিল, যেটা টানা ৬ ঘণ্টা দীর্ঘ হয়েছে। ভারত দল সামনে অস্ট্রেলিয়ায় যাচ্ছে। বিসিসিআই চায় দল ঘুরে দাঁড়াক, এবং এ বিষয়ে থিংক-ট্যাংক কী ভাবছে সেটাও জানতে চেয়েছে।

রাহুল দ্রাবিড়ের সময়ে ভারত ঘরের মাটিতে পেস-বান্ধব উইকেটে খেলায় মনোযোগ দিয়েছিল। কিন্তু জুলাইয়ে দায়িত্ব নেওয়া গম্ভীর হাঁটছে স্পিন-বান্ধব উইকেটের পুরোনো পথে। আবার সিরিজের প্রথম দুই টেস্টে হারের পর তৃতীয়টিতে বুমরাকে বিশ্রাম দেওয়াও পছন্দ হয়নি বিসিসিআই কর্তাদের। এ বিষয়ে সূত্রটি বলেন, 'বুমরাকে সতর্কতাস্বরূপ বিশ্রাম দেওয়া হলেও এ নিয়ে আলোচনা হয়েছে। র‍্যাংক টার্নার উইকেটে ভারত খুব ভালো না করলেও কেন এমন উইকেট, এ সব নিয়ে আলোচনা হয়েছে।'

রজার বিনি ও জয় শাহ দলের সঙ্গে যুক্ত আগারকার-গম্ভীর-রোহিতকে বর্তমান পরিস্থিতি থেকে উত্তরণে পরামর্শ দেওয়ার জন্য বলেছেন। গম্ভীর অবশ্য বৈঠকে স্বশরীরে ছিলেন না, অনলাইনে যোগ দিয়েছিলেন।

উল্লেখ্য, ভারতের পরবর্তী চ্যালেঞ্জ অস্ট্রেলিয়ার বিপক্ষে তাদেরই মাটিতে। ৫ টেস্টের বোর্ডার-গাভাস্কার সিরিজ শুরু হবে ২২ নভেম্বর। সিরিজটি খেলতে রোববার ও সোমবার দুই দলে ভাগ হয়ে অস্ট্রেলিয়ায় যাবেন ভারতের ক্রিকেটাররা।

## লম্বা সময়ের জন্য

# মাঠের বাইরে ব্রাজিলিয়ান তারকা



**স্টাফ রির্পোটার, নিউজ সারাদিন :** ওসাসুনার বিপক্ষে ম্যাচে ব্রাজিল ভক্তদের আনন্দের উপলক্ষ্য এনে দিয়েছিলেন ভিনিসিয়ুস। করেছেন দারুণ এক হ্যাটট্রিক। কিন্তু ম্যাচ চলাকালে আর ম্যাচের শেষে যে দুঃসংবাদ হজম করতে হয়েছে তাদের, সেটা হয়ত মুছে দেবে ভিনিসিয়ুসের হ্যাটট্রিকের আনন্দটাকে। ওসাসুনার বিপক্ষে লা লিগার ম্যাচে মিনিট বিশ পার হতেই বড় আঘাতটা পায় রিয়াল ও ব্রাজিল। গত মৌসুমে এসিএল ইনজুরির কারণে প্রায় পুরোটা সময় মাঠের বাইরে ছিলেন মিলিটাও। তার সেই চোট ছিল বাঁ পায়ে। এবার ওসাসুনার বিপক্ষে এই সেন্টারব্যাক ডান পায়ের হাঁটুতে আঘাত পেয়েছেন। সঙ্গে সঙ্গেই মাঠে ব্যথায় কাতরাতে দেখা যায় তাকে।

পরে রিয়াল মাদ্রিদের ক্লাব সূত্রেই জানা যায়, আরও একবার এন্টিরিয়র ক্রুসিয়েট লিগামেন্টে (এসিএল) চোট পেলেন ব্রাজিলিয়ান ডিফেন্ডার। টানা দ্বিতীয় মৌসুমে লম্বা সময় মাঠের বাইরে থাকতে হবে তাকে। সেই সময়টা ঠিক কতখানি তা জানা যায়নি। যদিও ইনজুরির ধরণ বলছে, অন্তত নয় মাসের জন্য মাঠের বাইরে থাকতে হবে তাকে। গত বছরের অগাস্টে মিলিটাও চোট পেয়েছিলেন বাম হাঁটুতে। সেবার বাইরে থাকতে হয়েছিল ২৩২ দিন। নেইমার জুনিয়রও মাঠের বাইরে ছিলেন এই ভয়ানক ইনজুরির কারণে। চলতি মৌসুমে এসিএল চোটে পড়া রিয়ালের দ্বিতীয় খেলোয়াড় মিলিটাও। একই চোটে এর আগে বাকি মৌসুমের জন্য ছিটকে গেছেন অভিজ্ঞ ডিফেন্ডার দানি কারভাহাল।

চোটের কারণে এবারে রিয়াল মাদ্রিদ অবশ্য আগে থেকেই আছে নাজুক অবস্থায়। দলের বাইরে আছেন গোলরক্ষক থিবো কোর্তোয়া, মিডফিল্ডার অঁরেলিন চুয়ামেনি ও ডিফেন্ডার ডেভিড আলাবা। এবার মিলটাও ও ভাস্কেজকে হারিয়েছে তারা। সবশেষ ম্যাচে জয়ের পরেও লা লিগায় ১২ ম্যাচে ২৭ পয়েন্ট নিয়ে নিয়ে দ্বিতীয় স্থানে আছে শিরোপাধারী রিয়াল, শীর্ষে থাকা বার্সেলোনার চেয়ে ৬ পয়েন্টে পিছিয়ে তারা।

## মেসির গোলের পরও

# ইন্টার মায়ামির বিদায়



**স্টাফ রির্পোটার, নিউজ সারাদিন :** প্রথমবার মেজর লিগ সকারের (এমএলএস) প্লে অফে উঠেছিল ইন্টার মায়ামি। স্বাভাবিকভাবেই প্রত্যাশার পারদ ছিল উঁচুতে। ফর্মে থাকা লিওনেল মেসি গোল করে দলকে উজ্জীবিত করেছিলেন ভালোভাবেই। কিন্তু শেষ পর্যন্ত হার মানতে হলো তার দলকে।

প্লে অফের প্রথম রাউন্ডের ম্যাচে আজ আটলান্টার কাছে ৩-২ গোলে হেরেছে মায়ামি। এই হারে বিদায় নিশ্চিত হলো মেসিদের। আর ইস্টার্ন কনফারেন্সের সেমিফাইনালে উঠে গেল আটলান্টা।

এর আগে এই আটলান্টার বিপক্ষে প্লে অফের লড়াইয়ে ২-১ গোলে জিতেছিল মায়ামি। গত ২ নভেম্বর দ্বিতীয় লড়াইয়ে জিতলেই শেষ চার নিশ্চিত হতো তাদের। কিন্তু টানা দুই হারে বিদায় নিতে হলো দলটিকে এবং মৌসুম শেষ হলো মেসির। আজ ঘরের মাঠে ১৭তম মিনিটে মাতিয়াস রোহাসের গোলে এগিয়ে গিয়েছিল মায়ামি। কিন্তু মিনিট তিনেকের মধ্যেই জামাল থিয়েরের জোড়া গোলে এগিয়ে যায় আটলান্টা। বিরতির পর দারুণ হেডে মায়ামিকে সমতায় ফেরান মেসি। কিন্তু ৭৬তম মিনিটে বারতোজ সিলৎসের গোলে কপাল পোড়ে তাদের। এরপর আর ম্যাচে ফিরতে পারেননি মেসিরা।

## ভিনির হ্যাটট্রিকে

# রিয়ালের দারুণ জয়



**স্টাফ রির্পোটার, নিউজ সারাদিন :** ঝড়ে উড়ে গেল ওসাসুনা। ভিনিসুয়াস জুনিয়রের হ্যাটট্রিকে বার্নাব্যুতে গোল উৎসবে মাতল লা লিগা চ্যাম্পিয়ন রিয়াল মাদ্রিদ। শনিবার লা লিগার ম্যাচটি ৪-০ গোলে জিতেছে স্বাগতিকরা।

ভিনির হ্যাটট্রিকের সঙ্গে এই ম্যাচ দিয়ে ১৭৯ দিন পর গোলে ফিরেছেন জুড বেলিংহামও।

এই জয়ে শীর্ষে থাকা বার্সেলোনার সঙ্গে পয়েন্ট ব্যবধানও কমাল রিয়াল। দুইয়ে থাকা রিয়ালের পয়েন্ট ১২ ম্যাচে ২৭, সমান ম্যাচে বার্সার পয়েন্ট ৩৩।


দুই সতীর্থকে হারানোর হতাশার মাঝে ৩৪তম মিনিটে দলের মুখে হাসি ফোটান ভিনি। বেলিংহ্যামের রক্ষণচেরা থ্রু পাস ধরে বক্সে ঢুকে একজনকে কাটিয়ে কোনাকুনি শটে বল জালে পাঠান ব্রাজিলিয়ান ফরোয়ার্ড।

এর একটু পরই দ্বিতীয় গোলের দেখা পায় রিয়াল। মিলিতাওয়ের বদলি, 'বি' দল থেকে উঠে আসা রাউল ৪২তম মিনিটে মাঝমাঠের অনেক আগে থেকে হাওয়ায় ভাসিয়ে থ্রু পাস বাড়ান, বলের ওপর দৃষ্টি রেখে বক্সে ঢুকে প্রথম ছোঁয়ায় চিপ শটে ঠিকানায় পাঠান বেলিংহ্যাম।

৬১ মিনিটে নিজের দ্বিতীয় গোল ঠিকই আদায় করে নিয়েছেন ভিনি। ৬৫ মিনিটে ঠিকঠাক শট নিতে না পারায় পাওয়া হয়নি ভিনির তৃতীয় গোলটা। তবে ৬৯ মিনিটে আর ভুল করেননি ব্রাজিলিয়ান উইঙ্গার। ব্রাহিম দিয়াজের কাছ থেকে বল পেয়ে বক্সের কাছাকাছি জায়গা থেকে গোল করে পূর্ণ করেন হ্যাটট্রিক। আরও একবার উচ্ছ্বাসে মাতে বার্নাব্যু।

## অনুশীলনে চোট,

# হাসপাতালে মোরাতা



**স্টাফ রির্পোটার, নিউজ সারাদিন :** রিয়াল মাদ্রিদকে গুঁড়িয়ে দেওয়া ম্যাচে গোল পেয়েছিলেন আলভারো মোরাতা। এসি মিলানের হয়ে ছন্দেও আছেন তিনি। কিন্তু এর মধ্যে পেলেন দুঃসংবাদ। অনুশীলন চলাকালীন মাথায় চোট পান এই ফরোয়ার্ড। নিয়ে যাওয়া হয় হাসপাতালে।

অনুশীলন চলাকালীন লাফিয়ে উঠে হেড দেওয়ার চেষ্টায় সতীর্থের সঙ্গে ধাক্কা খান মোরাতা। তখনই মাথায় ব্যথা পান তিনি। পরে নিয়ে যাওয়া হয় হাসপাতালে। এক বিবৃতিতে এসি মিলান বিষয়টি নিশ্চিত করে। প্রাথমিকভাবে চোট গুরুতর মনে করা হলেও স্ক্যান পরার পর স্বস্তি মিলে।

বিবৃতিতে ইতালিয়ান ক্লাবটি জানায়, 'সকালে অনুশীলনে ধাক্কা লাগার পর মোরাতা গুরুতর 'ক্রেনিয়াল ট্রমায়' আক্রান্ত হন। দ্রুত তাকে হাসপাতালে নেওয়া হয়। এমআরআই স্ক্যানে গুরুতর কিছু ধরা পড়েনি। আলভারো এখন ভালো অনুভব করছে। এই ধরনের চোটের ক্ষেত্রে চিকিৎসার ধারা অনুযায়ী আপাতত সে হাসপাতালে পর্যবেক্ষণে থাকবে।'

এই চোটের কারণে আগামী ম্যাচে অনিশ্চিত মোরাতা। সেরি আতে কালিয়ারির বিপক্ষে মাঠে না থাকতে পারেন তিনি।

■ স্বত্বাধিতকারী, প্রকাশক, মুদ্রক : মৃত্যুঞ্জয় সরদার কর্তৃক প্রকাশিত এবং ১৬বি, নবীন কুন্ডু লেন, কলেজ রো, কলেজ স্ট্রীট, কলকাতা-৭০০০০৯ থেকে ডিজিটাল মুদ্রিত ■ সম্পাদক : মৃত্যুঞ্জয় সরদার, ফোন : ৯৫৬৮৩৮২০৩১
■ Printed, Published, Owned by MRITYUNJOY SARDAR and Published at 16 B, Nabin Kundu Lane, College Row, College Street, Kolkata -700009 ■ Phone : 9564382031 Email : durodristhi@gmail.com Editor : MRITYUNJOY SARDAR